It is being observed that the domestic consumer segment which holds 60% of this sector, have been facing various odds in consequence to inflation and increased living costs etc. affecting adversely on demand of cement for domestic constructions and residential houses. On the other hand the industrial construction gradually are slowing down due to various reasons including lesser disbursement of capital/funds, higher cost of capital machineries, increase of fuel and electricity, frequent dollar price fluctuations having adverse effect on import costs, increase of raw materials' prices. If these issues are continued then it will affect adversely to the growth of cement sector.

However, we assure all our stakeholders that we are very much aware about these issues and to cope with these adversities we have engaged our efforts to stand and overcome the odds. We are working relentlessly to increase our market share further and hope that we shall come out with success with the wholehearted cooperation of all our stakeholders and patrons.

Dear Respected Members,

We continued our journey in a turbulent business environment for which we have engaged our efforts in adjusting ourselves with the demand of time, conditions and made us ever vigilant in discharging our duties and in providing services effectively, efficiently and result oriented as to attain a sustainable success, to hold it as well as ensure it to continue.

We assure you that we are uncompromised to the products' quality issues for which this company is highly acclaimed in the market. We are conscious about attainment of sustainable success and marching forward.

We are hopeful and determined that by the support and cooperation of the respected members, stakeholders, patrons and all our customers we shall come out successful.

May the Almighty Allah bless us all. Thanking you.

On behalf of the Board of Directors

Ahmed Akbar Sobhan

Chairman



পরিচালকমন্ডলীর প্রতিবেদন



পরিচালকমন্ডলীর প্রতিবেদন

প্রিয় সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

আপনাদের প্রাণ প্রিয় প্রতিষ্ঠান - মেঘনা সিমেন্ট মিলস লিঃ - এর ২৭তম বার্ষিক সাধারণ সভায় অত্র কোম্পানীর পরিচালকমন্ডলীর পক্ষ থেকে আমি আপনাদের সকলকে সাদর সম্ভাষণ জানাতে পেরে সম্মানিত বোধ করছি।

আপনাদের সদয় বিবেচনা, গ্রহণ ও প্রয়োজনীয় অনুমোদনের জন্য অত্র কোম্পানীর ২০১৮-২০১৯ ইং আর্থিক বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী, নিরীক্ষক ও পরিচালকমন্ডলীর এতদসংক্রান্ত প্রতিবেদন, নিরীক্ষা কমিটি এবং নমিনেশান ও রেমনারেশন কমিটি সমূহের প্রতিবেদনসমূহ এবং প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিপালন সংক্রান্ত প্রতিবেদন ও তৎসংক্রান্ত সার্টিফিকেশন এতদসঙ্গে উপস্থাপন করতে পেরে আমরা কৃতার্থবোধ করছি।

বাংলাদেশের সার্বিক অর্থনৈতিক চিত্র ও সিমেন্টখাত

বাংলাদেশ একটি মধ্যম আয়ের দেশে উন্নীত হবার জন্য সচেষ্ট রয়েছে। বেশ দ্রুততার সাথে বিভিন্ন ক্ষেত্রে ও খাতে এদেশে উল্লেখযোগ্য অগ্রগতি ও প্রবৃদ্ধি অর্জন করেছে। উল্লেখযোগ্যভাবে বিগত প্রায় দুইয়ুগ ধরে এদেশের অর্থনীতি প্রবৃদ্ধি অর্জন করে চলেছে। যার ফলশ্রুতিতে বাংলাদেশ এখন অন্যান্য উন্নয়নশীল দেশের জন্য একটি রোল মডেল হিসাবে বিশেষ পরিচিতি লাভ করেছে। মূলতঃ এদেশের দারিদ্র্যের হার উল্লেখযোগ্য ভাবে হ্রাস, সাক্ষরতার হার ও মান বৃদ্ধি, মাথাপিছু গড় আয় বৃদ্ধি, জনগণের গড় আয় বৃদ্ধি, দেশের মাথাপিছু খাদ্য-উৎপাদনের পরিমাণ উল্লেখযোগ্য হারে প্রবৃদ্ধি লাভ ইত্যাদি উন্নয়নের মান বিবেচনার বিভিন্ন মানদণ্ডে এদেশে প্রশংসনীয় অগ্রগতি অর্জন করতে সক্ষম হওয়ার এ স্বীকৃতি লাভ করেছে। যার ফলশ্রুতিতে বাংলাদেশ এখন একটি aspiring tiger economy হিসাবে বিবেচিত হচ্ছে। অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে ক্রমঅগ্রগতির ধারা বিদ্যমান রয়েছে। অর্থনৈতিক গতিধারার ক্রমঅগ্রসারতার ফলে দেশের সার্বিক উৎপাদন বেড়েছে। নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরী হয়েছে, দেশে শক্তি ও জ্বালানী, উন্নততর যোগাযোগ ব্যবস্থা ও প্রয়োজনীয় সুযোগ সুবিধা সম্পন্ন নগরায়নের প্রতি আগ্রহ ও বিনিয়োগের পরিবেশ সৃষ্টি হয়েছে। যে কোন টেকসই উন্নয়নের গতিধারাকে অব্যাহত রাখার জন্য এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এতদসত্ত্বেও এদেশের ভৌত অবকাঠামোগত উন্নয়ন, কর্মসংস্থান ও বিনিয়োগের জন্য আরোও অধিক সুযোগ সৃষ্টি ও তার ক্ষেত্র প্রসারণ, সামাজিক ভারসাম্য অর্জন, শিল্প বা পণ্যসেবার প্রসারণ, উৎপাদন বৃদ্ধি, শিল্প-বাণিজ্যের পরিবেশে সার্বিক ইতিবাচক পরিবর্তন ইত্যাদি নানাবিধ বিষয়ে অধিকতর সাফল্য অর্জনের লক্ষ্যে এদেশ সচেষ্ট রয়েছে। পরিবর্তিত বৈশ্বিক ব্যবস্থায় বাংলাদেশ তার অবস্থানকে আরো শক্তিশালী করার জন্য প্রচেষ্টা চালাচ্ছে। এমতাবস্থায় এদেশে সঠিক, দীর্ঘমেয়াদী ও বাস্তবানুগ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও তা যথাযথভাবে বাস্তবায়ন করা একান্ত প্রয়োজন। অর্জিত অগ্রগতির ধারাকে অব্যাহত রাখার জন্য এদেশে শিল্প-বান্ধব পরিবেশ ও পরিস্থিতি, বাস্তবানুগ দীর্ঘমেয়াদী শিল্প-বান্ধব নীতিমালা অনুসরণ ও তা অব্যাহত রাখা, নির্ভরযোগ্য, সাশ্রয়ী শক্তি ও জ্বালানীর ব্যবস্থা নিশ্চিত করা, দ্রুত অবকাঠামোগত উন্নয়ন সম্পন্ন করা, ক্রমবর্ধমান নগরায়নের গতিধারাকে উৎসাহ প্রদান, প্রাকৃতিক পরিবেশ সুরক্ষা ও পরিবেশ পরিবর্তনের বিরূপ প্রভাবকে এড়ানো, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা ও দুর্যোগ পরবর্তী পুনর্বাসন দ্রুত সম্পাদন করার মত নানাবিধ প্রয়োজনীয় বিষয়ে দীর্ঘমেয়াদী ও উপযোগী পরিকল্পনা ও তা বাস্তবায়ন করার নীতি প্রণয়ন ও তা অনুসরণ করার প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

এদেশে সাম্প্রতিক সময়ে সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর চাহিদা ও এর ব্যবহারের ক্ষেত্রে ক্রমঅগ্রগতির ধারা সৃষ্টি হয়েছে। আবাসিক, বাসস্থান ও বাণিজ্যিক স্থাপনা নির্মাণে ব্যাপক বিনিয়োগের ফলে এ অগ্রগতির ধারা সূচিত হয়েছে। দেশে সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর জন্য সাম্প্রতিক সময়ে উল্লেখযোগ্য চাহিদা পরিলক্ষিত হচ্ছে। অবকাঠামোগত উন্নয়ন ও দ্রুত নগরায়নের গতিধারার সাথে তাল মিলিয়ে অন্যান্য খাতের পাশাপাশি এদেশের সিমেন্ট ও নির্মাণ সামগ্রী উৎপাদনে নিয়োজিত শিল্পখাতেরও ক্রম বিকাশ ঘটছে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে বিগত বিংশ শতাব্দীর ৯০ দশক হতে এদেশে বেসরকারি খাতে সিমেন্ট শিল্প স্থাপন শুরু হয়। দেশীয় বাজারে সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর ব্যাপক চাহিদা পরিলক্ষিত হওয়ায় এদেশে সিমেন্ট ও নির্মাণ সামগ্রীখাতে বেসরকারী পর্যায়ে বৃহদায়তন শিল্পে বিনিয়োগ হতে থাকে। সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর চাহিদা পূরণকল্পে আগে বিদেশ থেকে তা আমদানি করতে হতো। বাংলাদেশের সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর বাজার সমগ্র বিশ্বের মধ্যে ৪০তম বলে আজ স্বীকৃত। চাহিদার সাথে তাল মিলিয়ে এদেশে সিমেন্ট ও নির্মাণ সামগ্রী উৎপাদন প্রক্রিয়ার ধারাবাহিক উন্নয়নের ফলশ্রুতিতে এদেশ ইতিমধ্যে সিমেন্টের উৎপাদন খাতে স্বনির্ভরতা অর্জন করতে পেরেছে। পাশাপাশি বিদেশেও এদেশীয় সিমেন্ট সামগ্রী রপ্তানী শুরুর মাধ্যমে এর বৈদেশিক বাজার সৃষ্টির ধারা শুরু হয়েছে।

বৈশ্বিক অর্থনৈতিক ব্যবস্থা বেশ অস্থিতিশীল আর পরিবর্তিত বিশ্ব পরিস্থিতির কারণে বাংলাদেশকে দেশীয় পন্য রপ্তানীসহ যাবতীয় ব্যবসা ও বাণিজ্যের ক্ষেত্রে তীব্র প্রতিযোগিতা, ব্রেক্সিটের নেতিবাচক প্রভাব, বৈদেশিক মুদ্রার অন্তঃপ্রবাহসহ অস্থিতিশীলতা নানাবিধ প্রতিকূলতা এ দেশকে

সাম্প্রতিক সময়ে মোকাবেলা করতে হচ্ছে। বাংলাদেশের "ভিশন ২০২১"-কে সামনে রেখে উন্নয়নের যে ধারার পরিকল্পনা রয়েছে তার সাথে রপ্তানী ক্ষেত্রে প্রবৃদ্ধির নিবিড় সম্পৃক্ততা রয়েছে। এদেশের ব্যক্তি পর্যায়ে আবাসন খাতের চাহিদার অন্যতম ক্ষেত্র হলো বিদেশে কর্মরত বাংলাদেশীদের প্রেরিত বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রার অন্তঃপ্রবাহ। এর ফলশ্রুতিতে গ্রাম ও শহর অঞ্চলে ব্যক্তি পর্যায়ে আবাসন ও ভৌত অবকাঠামোগত ব্যাপক উন্নয়নের ধারা সৃষ্টি হয়েছিল। মধ্যপ্রাচ্যের দেশগুলিতে বিগত কয়েক বৎসর যাবত দেশীয় জনশক্তি রপ্তানী ক্রমাগত ভাবে হ্রাস পাওয়ায় ও নতুন নতুন কর্মসংস্থান আশানুরূপভাবে বৃদ্ধি না পাওয়ায় বৈদেশিক মুদ্রা অর্জন ও এদেশে তা প্রেরণের ক্ষেত্রে আশংকাজনক নিঃসুমখী প্রবণতা বিরাজমান রয়েছে। বেসরকারী আবাসন খাতে বিশেষতঃ সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর চাহিদার ক্ষেত্রে এ সকল বিষয়গুলির নেতিবাচক প্রভাব পড়েছে।

সিমেন্ট শিল্প একটি বৃহৎপুঁজি-নির্ভর বৃহদায়তন ভারী শিল্প, যা ভোক্তাদের চাহিদা ও পণ্যের সরবরাহ পরিস্থিতির উপর সার্বিকভাবে নির্ভরশীল। দেশের সরকারী ও বেসরকারী পর্যায়ে ভৌত অবকাঠামোগত উন্নয়ন, সড়ক ও জনপথ নির্মাণ, আবাসন নির্মাণ ও পুনঃনির্মাণের গতির সাথে সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর চাহিদাও নিবিড় ভাবে সম্পৃক্ত। সাম্প্রতিক এক সমীক্ষায় দেখা যায় যে, সিমেন্টের মতো ভারী শিল্পজাত পণ্যের ক্ষেত্রে চক্রাকার চাহিদা বিদ্যমান। সিমেন্টের চাহিদা ভৌত অবকাঠামোগত উন্নয়ন ও বাস্তবায়নের সাথে সরাসরি সম্পৃক্ত। শিল্প এবং আবাসিক গৃহ নির্মাণ খাতে ও ভৌত অবকাঠামোর উন্নয়ন ও বাস্তবায়নে সিমেন্ট প্রধানতম অনুষঙ্গ। নির্মাণখাত এককভাবে গড়ে এদেশের জিডিপিতে ৮-৯% অবদান রেখে চলেছে। এদেশের জিডিপিতে আবাসিক খাতের ৬.৫-৭% অবদান রয়েছে। বিগত একযুগে গড়ে এ দুটি খাত দেশের জিডিপিতে যথাক্রমে ১২.৫% ও ৮.৫% অবদান রেখেছে। সাম্প্রতিক সময়ের এক পূর্বাভাসে বলা হয়েছে যে, এদেশের জিডিপির প্রবৃদ্ধি ২০৩০ সাল নাগাদ ৭.১% এ উন্নীত হবে। আর এ দেশের অর্থনীতির আয়তন বর্তমানের তুলনায় প্রায় ২.৫ গুন বৃদ্ধি পাবে। এদেশের সিমেন্ট শিল্পখাতের একটি বিশেষ বৈশিষ্ট্য হলো, যখন ভৌত অবকাঠামোগত উন্নয়ন, সড়ক ও জনপথ নির্মাণ, আবাসন নির্মাণ ও পুনঃনির্মাণ কার্যক্রম গতিময় থাকে সে সময় সিমেন্টের চাহিদাও সম্প্রসারণশীল থাকে। বিপরীতক্রমে ভৌত অবকাঠামোগত উন্নয়ন, সড়ক ও জনপথ নির্মাণ, আবাসন নির্মাণ ও পুনঃনির্মাণ কার্যক্রমে স্থবিরতা থাকলে সিমেন্টসহ নির্মাণ শিল্পে প্রয়োজনীয় সামগ্রীর চাহিদাও উল্লেখযোগ্য হারে হ্রাস পায়। আমাদের দেশের অর্থনৈতিক সমৃদ্ধির স্বার্থে দেশের নগর ও গ্রাম উভয় পর্যায়ে ভৌত অবকাঠামোগত উন্নয়ন, সড়ক ও জনপথ নির্মাণ, আবাসন নির্মাণ ও পূণঃনির্মাণ, একক ও বৃহদায়তন আবাসিক ও বানিজ্যিক প্রকল্প প্রভৃতি খাতের সমন্বিত উন্নয়ন ও বাস্তবায়নের ধারা অব্যাহত রাখা অত্যন্ত জরুরী।

বাজার প্রতিযোগিতা

শিল্প-বাণিজ্য ক্ষেত্রের প্রতিটি খাতকেই প্রতিযোগিতার মুখোমুখি হতে হয়। বাজারে অবস্থানকারী প্রতিযোগীরাও যথেষ্ট সক্রিয় ও তৎপর। বাজারের প্রতিযোগীদের সম্পর্কে সম্যক ধারণা, প্রতিযোগিতার বিষয়কে নিয়মিত পর্যবেক্ষণ ও যথাসময়ে তা মোকাবেলা করা গেলে একটি তীব্র প্রতিযোগিতামূলক বাজারেও অবস্থান ধরে রাখা সম্ভব। বাংলাদেশের সিমেন্ট শিল্পের বাজার একটি তীব্র প্রতিযোগিতাপূর্ণ বাজার।

বেসরকারি খাতে ১৯৯৪ সালের পূর্বে এদেশে কোন সিমেন্ট উৎপাদনকারী শিল্প-কারখানা ছিল না। বেসরকারি খাতে সিমেন্ট শিল্প স্থাপনে সরকারী বিভিন্ন ধরনের গুচ্ছ প্রণোদনার ফলে এখাতে উল্লেখযোগ্য সংখ্যক বেসরকারী উদ্যোক্তাগণ শিল্পস্থাপন করার জন্য উৎসাহিত হন। বেসরকারি খাতে সিমেন্ট শিল্প স্থাপনের সূচনালগ্নে মেঘনা সিমেন্ট মিলস লিঃ এর উৎপাদন কারখানা স্থাপিত হয় এবং এর বাণিজ্যিক উৎপাদন শুরু করে। সিমেন্ট শিল্প স্থাপনে যে গতিধারা সূচিত হয়েছিল তার ধারাবাহিকতায় পরবর্তী সময়ে এদেশে বেসরকারি খাতে বিপুল সংখ্যক সিমেন্ট শিল্প-কারখানা স্থাপন করার উদ্যোগ দৃষ্ট হয়। বর্তমান সময়েও এ ধারা অব্যাহত রয়েছে। যার ফলশ্রুতিতে এদেশের বেসরকারি খাতে সিমেন্ট শিল্প-কারখানার সার্বিক উৎপাদন সক্ষমতা স্থানীয় বাজারে সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর বার্ষিক মোট চাহিদার তুলনায় অনেক গুণ বেশী বলে জানা যায়। সিমেন্টের চাহিদা ভৌত অবকাঠামোগত বিনির্মাণের সাথে নিবিড়ভাবে সম্পৃক্ত। এ দেশের ভৌত অবকাঠামোগত উন্নয়নের ধারা যখন অব্যাহত থাকে সেসময় দেশীয় বাজারে সিমেন্টের চাহিদাও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়। অপরদিকে সিমেন্টের সার্বিক চাহিদা বৎসরের বিভিন্ন মৌসুমে অবকাঠামোগত উন্নয়ন খাতের কাজের গতি ধারার হ্রাস বা বৃদ্ধির সাথে দৃশ্যমানভাবে উঠা নামা করে।

সিমেন্ট উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল হলো জিপ্সাম, ক্লিংকার, ফ্লাই এ্যাশ, আয়রন স্ল্যাগ ইত্যাদি। এদেশের সিমেন্ট উৎপাদন শিল্পের কাঁচামালের ব্যাপক ঘাটতি রয়েছে, কারণ এদেশে এসকল কাঁচামালের প্রাকৃতিক উৎস নাই। এ কারণে এ দেশের সিমেন্ট উৎপাদনকারীগণকে প্রয়োজনীয় শিল্প-কাঁচামালের প্রায় সম্পূর্ণ অংশ বিদেশ হতে আমদানী করতে হয়। উল্লেখযোগ্য সংখ্যক সিমেন্ট উৎপাদনকারীগণ আধুনিক প্রযুক্তিতে গুণ-মানসম্পন্ন সিমেন্ট সামগ্রী উৎপাদন করছে। দেশীয় বাজারে গুণ-মানসম্পন্ন সিমেন্টের ভালো চাহিদা রয়েছে। পাশাপাশি বৈদেশিক বাজারেও এ দেশের আধুনিক প্রযুক্তিতে উৎপাদিত গুণ ও মানসম্পন্ন সিমেন্টের চাহিদা রয়েছে।

এদেশের সিমেন্ট উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানগুলির বর্তমান সংখ্যা ১২৬টি যার মধ্যে ৪৭টি সিমেন্ট কারখানা তাদের উৎপাদন কার্যক্রম চালাচ্ছে। এর পাশাপাশি সিমেন্ট সেক্টরে বেশ কয়েকটি বহুজাতিক বৃহদায়তন সিমেন্ট উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানও রয়েছে। এ কারণে দেশের সিমেন্ট উৎপাদনে নিয়োজিত শিল্প-প্রতিষ্ঠানগুলির মোট বার্ষিক উৎপাদন সক্ষমতা এদেশের সিমেন্টের বর্তমান বার্ষিক সিমেন্টের চাহিদার তুলনায় বেশী বলে জানা যায়। সাম্প্রতিক এক জরিপে জানা যায় যে, এ দেশীয় সকল সিমেন্ট উৎপাদনে সক্ষম শিল্প প্রতিষ্ঠানগুলির সম্মিলিত সিমেন্ট উৎপাদন সক্ষমতা প্রায় ৪৫ মিলিয়ন মেট্রিক টন।



অপরদিকে এ দেশে সিমেন্টের বার্ষিক মোট চাহিদা হলো প্রায় ২১ মিলিয়ন মেট্রিক টন। উল্লেখ্য যে, এখানে উল্লেখ্য যে, বিগত আর্থিক বৎসরে এ দেশের সিমেন্ট খাত ১৮% প্রবৃদ্ধি অর্জন করেছে। এক প্রতিবেদনে জানা যায় যে, যদি আর কোন সিমেন্ট কারখানা এদেশে স্থাপন নাও হয় তবু বর্তমানে স্থাপিত কারখানাগুলি দেশের সিমেন্টের সার্বিক চাহিদা আগামী বেশ কয়েক বৎসর যাবত পূরণ করতে সক্ষম হবে।

এদেশের সিমেন্ট বাজারের প্রধানতম বৈশিষ্ট্য হলো এর চাহিদা মৌসুম নির্ভরতা ও ব্যক্তিপর্যায়ের জনপ্রতি সিমেন্ট ব্যবহারের পরিমানের স্বল্পতা। যার ফলশ্রুতিতে স্বল্পমেয়াদে এদেশের সিমেন্ট সেক্টরের মিল-কারখানাগুলির বার্ষিক মোট উৎপাদন সক্ষমতা পূর্ণভাবে সদ্যবহার করা সম্ভবপর হচ্ছে না। অবশ্য দেশের বৃহদায়তন কয়েকটি উচ্চাভিলাষী বিনির্মাণ প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ সরকারী পর্যায়ে নেয়ার ফলে এ দেশের সিমেন্ট উৎপাদনকারী শিল্প-কারখানার উৎপাদন সক্ষমতার একটি বড় অংশ সেখানে ব্যবহৃত হবার সুযোগ তৈরী হয়েছে। এছাড়া দেশীয় সিমেন্ট শিল্পের উৎপাদিত পণ্য দেশে-বিদেশে সুনাম অর্জন করতে সক্ষম হওয়ার ফলে এ দেশীয় সিমেন্ট কারখানাগুলি সম্মিলিতভাবে দেশীয় চাহিদার ৬২% পূরণ করে চলেছে।

বিপণন ব্যবস্থাপনা (Marketing Environment)

প্রনোদনামূলক কার্যক্রম বাজার সৃষ্টিতে ইতিবাচক ভূমিকা রেখে থাকে। একটি সুসম বিপণন ব্যবস্থাপনা কার্যক্রম যে কোন শিল্প-বাণিজ্যিক প্রতিষ্ঠানের ভোক্তা ও ক্রেতাসহ সংশ্লিষ্ট সকল পক্ষগুলির মধ্যে যোগসূত্রের ধারা বজায় রেখে তাদের চাহিদা, অভিরুচি ও ভোক্তাদের নিকট যথাসময়ে তা সরবরাহ করার মাধ্যমে সম্পন্ন হয়। বাজার উন্নয়ন একটি বহুমুখী কার্যক্রম, যাতে নানামুখী কর্মধারার সমন্বয় ঘটে থাকে। পণ্য বিক্রয় বৃদ্ধি, ভোক্তাদের পণ্য সম্পর্কে সম্যক ধারণা প্রদান, পণ্য সংগ্রহ ও ক্রয়ের ক্ষেত্রে ভোক্তাদের অযথা সময়ক্ষেপণ হ্রাসসহ নানাবিধ ক্ষেত্রে এর প্রত্যক্ষ প্রভাব রয়েছে। এধরনের কর্মসূচীর মাধ্যমে উৎপাদকগণ নির্বিঘ্নে তাদের পণ্য উৎপাদন করার পাশাপাশি তা স্বল্প উৎপাদনী ব্যয়ে অধিক পরিমাণে উৎপাদন ও সরবরাহ করতে সক্ষম হয়। কার্যকর বিপণন ব্যবস্থার আরেকটি সুবিধা হলো ভোক্তাদের নিকট পণ্য পৌঁছানোর ক্ষেত্রে বাজারের বিভিন্ন স্তরে অবস্থিত মধ্যবর্তী ব্যবসায়ীদের সাথে প্রয়োজনীয় যোগাযোগ সুষ্ঠুভাবে স্থাপন ও রক্ষা করা ও তা উত্তোরোত্তর বৃদ্ধি ঘটানো। পণ্যের মান ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়গুলি যথাসময়ে ভোক্তাদেরকে অবগত করার মাধ্যমে তাদের নিকট তা দ্রুত পৌঁছানোও সম্ভবপর হয়। ফলে পণ্যের গুণগতমান, উৎকর্ষ ও প্রকৃতি সম্পর্কে ভোক্তাদেরকে সম্যক অবগত হবার পাশাপাশি দ্রুত সরবরাহ ও করা যায়।

অত্র কোম্পানীর পণ্য বিপণন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন ধরনের প্রনোদনামূলক বিষয়ের পাশাপাশি নতুন নতুন সৃষ্টিশীল বিষয়কে যুক্ত করে চলেছে। পণ্য বিপণন ও তা সম্প্রসারণের জন্য ভোক্তা ও বিভিন্ন স্তরের বিক্রেতা পর্যায়ে অত্র কোম্পানীর প্রচারকার্য অব্যাহত রয়েছে। বিজ্ঞাপন, ব্যক্তিগত পর্যায়ে বিপণন, প্রশিক্ষণ, অভিজ্ঞতা বিনিময়, নির্মাণ শিল্পের শ্রমিক ও পেশাজীবদের সাথে মতবিনিময়, গণ-যোগাযোগ, ভোক্তাদের নিকট সরাসরি বিপণন প্রনোদনা ইত্যাদি বিষয়গুলির মাধ্যমে অত্র কোম্পানীর বিপণন কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

উৎপাদন ও শিল্পের কাঁচামাল সরবরাহ

সিমেন্টের গুণগতমান নিশ্চিত করার ক্ষেত্রে ক্লিংকারের বিশেষ ভূমিকা রয়েছে। সিমেন্ট উৎপাদনের ক্ষেত্রে ব্যবহৃত কাঁচামালসমূহ ভারী পন্য হিসেবে পরিচিত। যা যথেষ্ট সংবেদনশীলও বটে। শক্তিশালী ও ভালোমানের সিমেন্ট তৈরীর জন্য প্রয়োজন ভালো মানের ক্লিংকার সামগ্রী। বাংলাদেশ সিমেন্ট উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হলেও ঘটতির কারণে প্রায় কাঁচামাল বিদেশ হতে আমদানী করতে হয়। বাংলাদেশের খুব স্বল্পসংখ্যক সিমেন্ট উৎপাদনকারী শিল্পপ্রতিষ্ঠানেরই নিজস্ব সূত্রে প্রকৃতিক উৎস হতে ক্লিংকার আহরণ ও সংগ্রহ করার মতো সক্ষমতা রয়েছে। সিমেন্ট উৎপাদনের ক্ষেত্রে আমাদের স্বয়ংসম্পূর্ণতা সত্ত্বেও শিল্পে ক্লিংকারের প্রাপ্যতার বিপুল ঘাটতি রয়েছে। এদেশীয় ৮০% সিমেন্ট উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানগুলিকে তাদের সিমেন্ট উৎপাদনের জন্য প্রয়োজনীয় কাঁচামালের চাহিদা বিদেশ হতে আমদানীর মাধ্যমে পূরণ করতে হয়। মাত্র দুটি প্রতিষ্ঠানের নিজস্ব কাঁচামালের প্রকৃতিক উৎস রয়েছে। বাংলাদেশের প্রায় সব ধরনের খনিজ সম্পদেরই অপ্রতুলতা রয়েছে। প্রতিবছর আমাদের দেশে ১৫ মিলিয়ন মেট্রিক টন হতে ২০ মিলিয়ন মেট্রিক টন ক্লিংকার এবং লাইমস্টোন বিদেশ হতে আমদানী করা হয়। সিমেন্টের জন্য প্রয়োজনীয় ক্লিংকারসহ অন্যান্য কাঁচামাল তথা উপকরণসমূহ ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, চীন, হংকং, ভারত, থাইল্যান্ড, জাপান, কোরিয়া, ফিলিপাইন প্রভৃতি বিভিন্ন দেশ হতে আমদানী করতে হয়। সিমেন্ট উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল তথা ক্লিংকারসহ ও অন্যান্য দ্রব্যসমূহের সবচেয়ে বড় বৈশ্বিক আমদানীকারক দেশ হিসাবে বাংলাদেশ ইতিমধ্যে পরিচিতি লাভ করেছে। যার ফলশ্রুতিতে আন্তর্জাতিক বাজারে সিমেন্ট শিল্পে ব্যবহার্য কাঁচামালের মূল্যের যে কোন পরিবর্তনের প্রভাব প্রায় সঙ্গে সঙ্গে এদেশীয় সিমেন্ট বাজারের উপর প্রত্যক্ষভাবে পড়ে থাকে। আন্তর্জাতিক বাজারে সিমেন্ট শিল্পে ব্যবহার্য কাঁচামালের মূল্যের ধারাবাহিকতা না থাকায় সিমেন্ট উৎপাদন খরচের উপর এর সরাসরি নেতিবাচক প্রভাব পড়ছে। সিমেন্টের উৎপাদন কার্য চলাকালে নিরবিচ্ছিন্ন ও পর্যাপ্ত পরিমাণে বিদ্যুৎ সরবরাহ করার বিষয়টিও নিশ্চিত হওয়া প্রয়োজন। এদেশে সিমেন্টের উৎপাদনে ব্যবহৃত বিদ্যুৎ সরবরাহের বেশীরভাগই পূরণ হয় জাতীয় পাওয়ার গ্রিড থেকে পাওয়া বিদ্যুৎ দ্বারা। কিন্তু উৎপাদন চলাকালীন সময়ে বিদ্যুৎ সরবরাহে ঘাটতি ও নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ না হওয়ায় সিমেন্ট উৎপাদন ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়ে থাকে। বিদ্যুৎ ও জ্বালানীর ব্যয় বৃদ্ধির পাশাপাশি শ্রম মজুরী বৃদ্ধি, বিদ্যুৎ সরবরাহে বিপুল ঘাটতি, কাঁচামাল ও সিমেন্টের পরিবহন ব্যয় বৃদ্ধি ইত্যাদি বিবিধ কারণও আলোচ্য বৎসরে সিমেন্টের উৎপাদন খরচ বৃদ্ধির ক্ষেত্রে অন্যতম প্রভাবক ছিল। এর সাথে কাঁচামাল আমদানী এবং প্রান্তিক ভোক্তা পর্যন্ত সিমেন্ট পৌঁছানোর পরিবহন ব্যয়ও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। একারণে সড়ক ও নৌ-পথে সিমেন্ট পরিবহন ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য যে, এদেশে উৎপাদিত সিমেন্টের বেশীর ভাগই ঢাকা, চট্টগ্রাম এবং মংলা এলাকায় উৎপাদিত হচ্ছে।

অত্র কোম্পানীর পণ্য বিপণনের জন্য নিজস্ব সরবরাহ ও বিতরণ ব্যবস্থা রয়েছে। এ ছাড়া কাঁচামাল ও উৎপাদনে ব্যবহার্য অন্যান্য ভারী পণ্য তথা কাঁচামাল কারখানা পর্যায়ে পৌঁছানোর জন্য উচ্চ ক্ষমতা সম্পন্ন আধুনিক স্বয়ংক্রিয় যন্ত্রপাতি ব্যবহার করা হচ্ছে। তদুপরি সমগ্রদেশে দ্রুততার সাথে ও যথাসময়ে পণ্য ভোক্তাদের দোরগোড়ায় পৌঁছানোর জন্য পণ্য পরিবহন উপযোগী প্রয়োজনীয় জাহাজ ও নিজস্ব ট্রাকের বহরও অত্র প্রতিষ্ঠানের রয়েছে। এছাড়া সিমেন্ট বাজারজাত করার জন্য অত্র প্রতিষ্ঠান কাগজের ব্যাগ ব্যবহার করে থাকে। যা পরিবেশ বান্ধব বটে, এখানে উল্লেখ্য যে, অত্র কোম্পানীতে ব্যবহৃত কাগজের ব্যাগ বসুন্ধরা গ্রুপেরই অপর একটি প্রতিষ্ঠান হতে সাশ্রয়ী ও প্রতিযোগিতামূলক মূল্যে ক্রয় করা হয়ে থাকে।

সিমেন্ট খাতে ভোক্তাদের অবস্থান

একটি ক্রান্তিয় দেশ হবার সুবাদে বাংলাদেশের অর্থনীতি মূলতঃ কৃষি নির্ভর। অবকাঠামোগত বিনির্মাণ খাত এদেশে শিল্প হিসাবে তাই গড়ে উঠেনি। যার অন্যতম কারণ ছিল গ্রাম এলাকায় এ দেশের বিপুল জনগোষ্ঠীর বসবাস। ভৌত অবকাঠামোগত বিনির্মাণ শিল্পের উন্নয়নের সাথে সিমেন্ট নিবিড় ভাবে সম্পর্কযুক্ত বিধায় এটি সীমিত চাহিদা সম্পন্ন শিল্প-পণ্য। সিমেন্টের মূল্যের পাশাপাশি এর চাহিদার ক্ষেত্রে ভোক্তাদের আস্থাও বিশেষভাবে প্রভাব রাখে। এ ক্ষেত্রে ভোক্তাদের কোনো বিশেষ বিশেষ ব্য্রাণ্ডের প্রতি অগ্রাধিকারও কার্যকর ভূমিকা রাখে। দেশের ব্যক্তিপর্যায়ে গৃহ নির্মাণ, যৌথ আবাসন নির্মাণ, নাগরিক অবকাঠামোগত সুবিধাদির উন্নয়ন, সড়ক ও জনপথসহ যোগাযোগ ব্যবস্থার সার্বিক উন্নয়ন ও অগ্রগতি, বড় বড় সেতু ও কালভার্ট নির্মাণ, ফ্লাইওভারসহ বিবিধ অবকাঠামোগত উন্নয়ন, আবাসিক ও বাণিজ্যিক পর্যায়ে বৃহদায়তন স্থাপনাসমূহ নির্মাণের ক্ষেত্রে ধারাবাহিকতা এ দেশের সিমেন্ট শিল্প বিকাশের ক্ষেত্রে বিশেষ ভূমিকা রেখে চলছে। যার ফলশ্রুতিতে এদেশে সিমেন্টের মতো বিশেষায়িত পণ্যের ক্ষেত্রে শুধুমাত্র প্রতিযোগিতামূলক মূল্যের বিষয়টিই বিবেচ্য না। ব্য্রাণ্ডিং এর ভূমিকা ও প্রয়োজনীয়তাও এক্ষেত্রে রয়েছে। উল্লেখ্য যে, সিমেন্টের উৎপাদনের ক্ষেত্রে দেশীয় বড় বড় শিল্প-প্রতিষ্ঠানগুলি প্রায় সমজাতীয় প্রযুক্তিই ব্যবহার করছে। আমাদের দেশের ভোক্তাদেরকে তাদের অবস্থানগত সুবিধা, ক্রয়ের আচার-প্রকৃতি, ক্রয়ের ধরণ, ক্রয়ের মৌসুম, মৌসুম ভিত্তিক চাহিদার হ্রাস-বৃদ্ধি, সামাজিক-আর্থিক অবস্থা ইত্যাদি বিবিধ বিষয়কে বিবেচনা করে কয়েকটি ভাগে ভাগ করা যায়। শিল্প পণ্যের বাজারে সমজাতীয় অনেক পণ্যের মধ্যে ক্রেতাদের ব্যবহার ও অগ্রাধিকার, মূল্যের প্রতির সংবেদনশীলতা, পণ্যের গুণগতমানের বিষয়ে সচেতনতা, পণ্য মূল্যে হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে সংবেদনশীলতা ইত্যাদি নানাবিধ বিষয় সমূহ বিবেচনা করে সে মেতাবেক পণ্য উৎপাদন ও বাজারজাতকরণের কৌশল নির্ধারণ করার প্রয়োজন হয়।

এদেশের সিমেন্টের ভোক্তাদেরকে প্রধানত তিনটি শ্রেণীতে ভাগ করা হয়ে থাকে -

- (১) সরকারী ও গণমুখী প্রতিষ্ঠান;
- (২) বানিজ্যিক আবাসন নির্মাণকারী প্রতিষ্ঠান;
- (৩) ব্যক্তি পর্যায়ের আবাসন নির্মাতা।

ইতিপূর্বে এদেশের সিমেন্টের বাজারের সবচেয়ে বড় ভোক্তা ছিল ব্যক্তি পর্যায়ের আবাসন নিমার্ভাগণ। কিন্তু সাম্প্রতিক সময়ে সরকারী পর্যায়ে গৃহীত বার্ষিক উন্নয়ন পরিকল্পনার আওতায় বিভিন্ন জনগুরুত্ব সম্পন্ন বৃহদায়তন উন্নয়ন প্রকল্পসমূহ, যেমন - পদ্মা ব্রিজ, দ্রুত যাতায়াত সুবিধা সম্পন্ন সড়ক ব্যবস্থা (MRT), রাজধানী ও বিভাগীয় শহরে বড় বড় ফ্লাইওভার নির্মাণ, বহুলেন বিশিষ্ট রাস্তা-ঘাট, বৃহৎ অবকাঠামো নির্মাণ প্রভৃতি বাস্তবায়ন কাজ শুরু হওয়ায় এদেশে সিমেন্টের চাহিদা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এদেশের সরকারী অবকাঠামোগত নির্মাণ খাত প্রায় ৪৫% সিমেন্ট ব্যবহার করে থাকে। উল্লেখ্য যে, দেশে উৎপাদিত ৪৫% সিমেন্টের ব্যবহার হচ্ছে ঢাকা বিভাগে, ২৩% চট্টগ্রাম বিভাগে, বাদবাকী অংশ দেশের অন্যান্য এলাকায় ব্যবহৃত হচ্ছে। দেশের ব্যক্তি পর্যায়ের আবাসিক বাসস্থান নির্মাণকারীগণের হার প্রায় ৩০%, আবাসন ও বাণিজ্যিক নির্মাণকারী প্রতিষ্ঠানের হার ২৫%। আমাদের দেশের ভোক্তা প্রতি সিমেন্ট ব্যবহারের পরিমাণ বিশ্বে জনপ্রতি সিমেন্ট ব্যবহারের তুলনায় অনেক কম। এমনকি আমাদের পার্শ্ববর্তী দেশগুলিতেও জনপ্রতি সিমেন্ট ব্যবহারের পরিমাণ আমাদের দেশ হতে অনেক বেশী। আমাদের দেশের জনপ্রতি সিমেন্ট ব্যবহারের পরিমাণ ১৮৭ কেজি, বিগত বৎসরগুলিতে যা ছিল ১২৪ কেজি। উল্লেখ্য যে, জনপ্রতি সিমেন্ট ব্যবহারের পরিমাণ পার্শ্ববর্তী দেশ মায়ানমারে ২৭০ কেজি, ভারতে ৩১২ কেজি, থাইল্যান্ডে ৫০০ কেজি, শ্রীলংকায় ৪৩৫ কেজি। এছাড়া জনপ্রতি সিমেন্ট ব্যবহারের পরিমাণ দক্ষিণ কোরিয়ায় ১২৫০ কেজি, চীনে ১,৭০০ কেজি, মালয়েশিয়ায় ৮০০ কেজি, ইরানে ৭৮০ কেজি এবং সৌদি আরবে ১,৮২০ কেজি।

এদেশে নগরায়নের হার উল্লেখযোগ্য ভাবে ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। ব্যক্তিগত আর্থিক সামর্থ্য ও সক্ষমতা বৃদ্ধি পাওয়ায় ব্যক্তি পর্যায়ে, গ্রামে ও শহরের সর্বপর্যায়েই, ভৌত অবকাঠামোগত উন্নয়নের হার দিন দিন বাড়ছে। দেশের ব্যক্তি পর্যায়ে আবাসন নির্মাণ, নাগরিক অবকাঠামোগত সুবিধাদি উন্নয়ন, সড়ক ও জনপথসহ যোগাযোগ ব্যবস্থার সার্বিক উন্নয়ন, বৃহদায়তন সেতু, কালভার্ট, ফ্লাইওভারসহ বিভিন্ন উচ্চাভিলাষী প্রকল্পসহ অন্যান্য যোগাযোগ অবকাঠামোর উল্লেখযোগ্য উন্নয়ন, আবাসিক ও বাণিজ্যিক পর্যায়ে বৃহদায়তন স্থাপনাসমূহ নির্মাণ কার্যক্রমসমূহ দেশের সিমেন্ট শিল্প বিকাশের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে চলছে।

এ দেশের জনসংখ্যা বৃদ্ধি ও জনসাধারণের অর্থনৈতিক অবস্থার ক্রমউন্নয়নের সাথে তাল মিলিয়ে আবাসন ব্যবস্থা ও নগরায়নের ক্ষেত্রে এক নব ধারার সৃষ্টি হয়েছে। এক জরীপে দেখা গেছে যে, উন্নয়নের এ সার্বিক ধারা অব্যাহত থাকলে এ দেশে উৎপাদিত সিমেন্টের বার্ষিক চাহিদা



২০২১ সাল নাগাদ ২৮ মিলিয়ন মেট্রিক টন হবে। দেশের সিমেন্টের চাহিদা বৃদ্ধির ধারা ২০৩৫ইং বৎসর পর্যন্ত অব্যাহত থাকতে পারে বলে অনুমান করা হচ্ছে। উন্নয়নের এ ধারা অব্যাহত থাকলে দেশের সার্বিক নাগরিক অবকাঠামোগত উন্নয়ন, সড়ক ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, বৃহদায়তন স্থাপনাসমূহ নির্মাণ কার্যক্রমে দেশের সিমেন্ট শিল্প বিশেষ ভাবে অবদান রাখতে সক্ষম হবে।

পরিবহন

সিমেন্ট একটি ভারী শিল্পজাত পণ্য। এ বিশেষ কারনে সিমেন্টের মত ভারী শিল্প-পণ্যের ক্ষেত্রে পরিবহন ব্যয় বিশেষভাবে বিবেচিত হয়। সিমেন্ট এমন একটি শিল্প-পণ্য যা কারখানা হতে পরিবেশক হয়ে প্রান্তিক ভোক্তার নিকট পৌঁছানো পর্যন্ত সর্বাত্মক পরিবহন ব্যবস্থার উপর বিশেষভাবে নির্ভর করতে হয়। সিমেন্ট শিল্প-পণ্য পরিবহনের ক্ষেত্রে বিভিন্ন প্রকারের যানবাহন ব্যবহার করা হয়ে থাকে। যানবাহনের মান ও প্রকৃতি ইত্যাদি বিবিধ বিষয়ের উপর শিল্প-পণ্যের মূল্য, পণ্যের গুণ ও মান বজায় থাকা, সময়মত ভোক্তার নিকট চাহিদা অনুযায়ী পণ্য পৌঁছানোর মত গুরুত্বপূর্ণ বিষয়সমূহও নির্ভরশীল। পণ্য পরিবহনের ক্ষেত্রে দক্ষতা ও দ্রুততার উপরও ভোক্তাদের আস্থা অনেকাংশে নির্ভর করে থাকে। তবে সিমেন্টের কাঁচামাল প্রায় সম্পূর্ণই নৌ-পথে পরিবাহিত হয়।

এদেশের সিমেন্ট শিল্পজাত পণ্যের শতকরা প্রায় ৮৫ ভাগ ভোক্তাদের নিকট সড়ক পথে এবং বাদবাকী অংশ নৌ-পথে পরিবহন করা হয়ে থাকে। সিমেন্ট শিল্প-পণ্য উৎপাদনে ব্যবহৃত অধিকাংশ কাঁচামাল সমুদ্র পথে জাহাজযোগে বিদেশ হতে আমদানী করা হয়ে থাকে। আলোচ্য বৎসরে জাহাজে পণ্য পরিবহন ভাড়া বৃদ্ধি, জ্বালানীর মূল্য বৃদ্ধি, মুদ্রাস্ফীতি ও অন্যান্য নানাবিধ কারণে কাঁচামালসহ উৎপাদিত সিমেন্ট পরিবহনের ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ফলে অত্র কোম্পানীকে কাঁচামাল আমদানী, পরিবহন ব্যয় ও সিমেন্ট বাজারজাতকরণ প্রক্রিয়া চালনা করার জন্য অতিরিক্ত ব্যয় নির্বাহ করতে হয়েছে।

মৌসুম নির্ভরতা

বাংলাদেশ একটি নদী বিধৌত ও পরিবেষ্টিত পলিগঠিত নিম্নাঞ্চলীয় সমভূমির দেশ। এদেশের বিশেষ কতগুলি শিল্পের ক্ষেত্রে মৌসুমভিত্তিক চাহিদা ও মৌসুমভেদে চাহিদার বিশেষ তারতম্য পরিলক্ষিত হয়ে থাকে। এদেশের সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর চাহিদা সারা বৎসরব্যাপী একইরূপ থাকে না। দেশের সিমেন্টের ভোক্তাদের চাহিদার বিশেষ বৈশিষ্ট্য হলো মৌসুম ভিত্তিক পরিবর্তনশীলতা। সিমেন্ট সামগ্রীর ক্ষেত্রে ভোক্তাদের চাহিদা ভিন্ন ভিন্ন মৌসুমে ভিন্ন ভিন্ন থাকে। কারণ মৌসুম ভিত্তিক তা পরিবর্তিত ও হয়। সারা বৎসরব্যাপী সিমেন্টের ব্যবহারের তথ্য-উপাত্ত বিশ্লেষণপূর্বক দেখা যায় যে, মৌসুমী আবহাওয়ার প্রভাবে দেশের সিমেন্টের চাহিদা ও ব্যবহার বেশ প্রকটভাবে প্রভাবিত হয়ে থাকে। যার ফলে সিমেন্ট বিপণনের ক্ষেত্রে মৌসুম ভেদে ভিন্ন ভিন্ন কৌশল অবলম্বন করতে হয়। এছাড়া সিমেন্টের চাহিদা এদেশের ভৌত অবকাঠামোগত বিনির্মাণের সাথে নিবিড় ভাবে সম্পৃক্ত। সার্বিক ভৌত অবকাঠামোগত উন্নয়নের ধারা যখন বেগবান ও অব্যাহত থাকে, সে সময় দেশে সিমেন্টের চাহিদাও উত্তরোত্তর বৃদ্ধি পায়। বিপরীতক্রমে অবকাঠামোগত উন্নয়নের ধারা কোন ভাবে ব্যাহত হলে সিমেন্টের চাহিদাও উল্লেখযোগ্য ভাবে হ্রাস পায়। অবকাঠামোগত উন্নয়ন খাতের কাজের গতিধারা প্রতি বৎসর বিভিন্ন মৌসুমে হ্রাস-বৃদ্ধি পায় বিধায় সিমেন্টের সার্বিক চাহিদা ও তার প্রভাবে হ্রাস-বৃদ্ধি পায়। এদেশে সিমেন্ট খাতে মৌসুম ভিত্তিক তারতম্য/পরিবর্তনশীলতাকে বিশ্লেষণ করে ইংরেজি বৎসরের ভিত্তিতে নিম্নলিখিত ভাবে ভাগ করা যায় :

ভরা মৌসুম	-	জানুয়ারী থেকে এপ্রিল/মে মাস;
খরা মৌসুম	-	জুন থেকে সেপ্টেম্বর মাস; এবং
বিষন্ন মৌসুম	-	অক্টোবর থেকে ডিসেম্বর মাস।

তবে স্বাভাবিক বৎসরগুলির ভরা মৌসুমে এদেশের মোট সিমেন্ট উৎপাদন ও সরবরাহ উক্ত সময়ে দেশের সার্বিক মোট চাহিদার তুলনায় অনেক ক্ষেত্রে সমান থাকে। আবার কোন কোন সময় চাহিদার তুলনায় সিমেন্ট সরবরাহে ঘাটতিও দেখা দেয়।

সিমেন্টের চাহিদার সার্বিক পরিস্থিতি দেশের সামগ্রিক অবকাঠামোগত উন্নয়নের সাথে ওতপ্রোতভাবে সম্পর্কিত। যখন দেশের নির্মাণ খাতে অগ্রযাত্রা থাকে তখন সিমেন্টের চাহিদাও বেশি থাকে।

এদেশের সিমেন্ট শিল্পখাতে জানুয়ারী হতে এপ্রিল মাস পর্যন্ত সময়কে ভরা মৌসুম হিসাবে বিবেচনা করা হয়, যা অনেক সময় মে মাস পর্যন্ত প্রলম্বিত হয়ে থাকে। এসময়ই এদেশের বার্ষিক ব্যবহৃত মোট সিমেন্টের প্রায় ৬০% ভাগেরও বেশী ব্যবহৃত হয়। কারণ এসময় এদেশে বৃষ্টিপাত সর্বনিম্ন পর্যায়ে থাকে। যার ফলশ্রুতিতে এসময়কে গৃহ নির্মাণ সহ যাবতীয় অবকাঠামোগত উন্নয়ন ও বিবিধ উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অনুকূল সময় হিসাবে বিবেচনা করা হয়ে আসছে।

জুন হতে সেপ্টেম্বর মাস সময়কালকে এ দেশের সিমেন্ট খাতের খরা মৌসুম হিসাবে বিবেচনা করা হয়। কারণ এসময় সিমেন্টের সার্বিক চাহিদা কমে যায়। এদেশে এসময় বৃষ্টিপাতের মৌসুম বিরাজমান থাকায় আবাসিক গৃহনির্মাণসহ বাণিজ্যিক অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম প্রায় বন্ধ থাকে। যদিও বৃষ্টিপাত সিমেন্ট নির্ভর নির্মাণসমূহে কিউরিং-এর জন্য অনুকূল।

এদেশের সিমেন্ট শিল্পক্ষেত্রে সাধারণতঃ অক্টোবর হতে ডিসেম্বর মাসকে বিষন্ন মৌসুম হিসাবে বিবেচনা করা হয়ে থাকে। এসময় যাবতীয় নির্মাণ সামগ্রীর প্রাপ্যতাও সর্বনিম্ন পর্যায়ে থাকে।

এ সকল বিষয়গুলিকে সম্যক বিবেচনাপূর্বক অত্র কোম্পানীর উৎপাদন, বাণিজ্যিক ও বিপণনের যাবতীয় কর্মধারা নির্ধারন করা হয়েছে এবং ভিন্ন ভিন্ন মৌসুমে পৃথক পৃথক কর্মকৌশলের মাধ্যমে এর বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করে চলেছে।

উৎপাদন - সরবরাহ ব্যবস্থাপনা

ভারী শিল্পজাত পণ্যের উৎপাদনের সাফল্য একটি কার্যকর বিপণন ব্যবস্থার উপর বিশেষভাবে নির্ভরশীল। সিমেন্ট উৎপাদন প্রযুক্তি নির্ভর একটি জটিল শিল্প প্রক্রিয়া। উৎপাদন ও সরবরাহ ব্যবস্থাপনা যে কোন শিল্পজাত পণ্যের ক্ষেত্রে বেশ গুরুত্বপূর্ণ। শিল্প-পণ্য তৈরীর কাঁচামালের সরবরাহ বা প্রাপ্তির সুবিধা, উৎপাদিত পণ্য পরিবহন ব্যয়, বাজারজাতকরণ ও পরিবহন সুবিধা তথা কাঁচামাল সরবরাহ, কারখানা ও পণ্যের চূড়ান্ত ভোক্তাদের অবস্থানগত দূরত্ব পণ্য বিক্রয় মূল্যের উপর বেশ প্রভাব ফেলে। তদুপরি উৎপাদনের ক্ষেত্রে সার্বিক দক্ষতা পণ্য ও কাঁচামালের সরবরাহ দক্ষতার উপর অনেকাংশে নির্ভরশীল। যা উৎপাদনকারীর বাণিজ্যিক মুনাফাকে বিশেষভাবে প্রভাবিত করে। উৎপাদক ও ভোক্তাদের পারস্পরিক অবস্থানগত দূরত্বের প্রভাবে মুনাফার হ্রাস বা বৃদ্ধি ঘটে। কারণ সিমেন্ট এর মূল্যের অনুপাতে অধিক পরিমাণ পণ্য (high volume - low value commodity) হিসাবে বিবেচিত শিল্পজাত পণ্য।

আমাদের দেশে সিমেন্টের সরবরাহ যোগান ও চাহিদার অঞ্চলভিত্তিক সুস্পষ্ট পার্থক্য রয়েছে। এছাড়া অঞ্চলভেদে সিমেন্টের মূল্যের ক্ষেত্রেও উল্লেখযোগ্য পার্থক্য দেখা যায়। পরিবহন খরচ কম হলে এবং তৎসঙ্গে সিমেন্টের নিরবিচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা গেলে তা উৎপাদনকারীর জন্য লাভজনক বলে বিবেচিত হয়। এজন্য এদেশে সিমেন্টকে অঞ্চলভিত্তিক পণ্য হিসাবেই গণ্য করা হয়ে থাকে। এদেশের বিভিন্ন অঞ্চলের জনসাধারণের মাথাপিছু গড় আয়ের মধ্যে বিরাট তফাৎ আছে। এ কারণে বিভিন্ন অঞ্চলে সিমেন্টের অসম চাহিদার ভিত্তিতে সিমেন্টের যোগান দেয়া হয়ে থাকে। অঞ্চলভিত্তিক শিল্পকারখানার উন্নয়ন এবং জনগণের মাথাপিছু আয় বিভিন্ন পণ্যের চাহিদা ও সরবরাহকে বিশেষ ভাবে প্রভাবিত করে থাকে। বিভিন্ন সমীক্ষায় দেখা গেছে যে, সারা দেশের মধ্যে ঢাকা ও চট্টগ্রাম বিভাগে সিমেন্ট ও নির্মাণ খাতে ব্যবহার্য পণ্যের চাহিদা তুলনামূলকভাবে বেশী।

এদেশের বিভাগভিত্তিক সিমেন্টের ভোক্তাদের সার্বিক চাহিদার শতকরা হার নিম্নে উপস্থাপিত হলোঃ

ঢাকা বিভাগ - ৪৫%,	চট্টগ্রাম বিভাগ - ২৩%,
খুলনা বিভাগ - ১০%,	রাজশাহী বিভাগ ও রংপুর বিভাগ - ১০%,
বরিশাল বিভাগ - ৫%,	সিলেট বিভাগের চাহিদা - ৭%।

বাগেরহাট জেলার মংলা শিল্প এলাকায় মেঘনা সিমেন্ট মিলস্ লিমিটেডের শিল্প-কারখানাটি অবস্থিত। যা উক্ত শিল্পাঞ্চলের প্রথম শিল্প প্রতিষ্ঠানও বটে। অত্র কোম্পানীর কারখানার এ অবস্থানগত সুবিধার কারণে বরিশাল, খুলনা, রাজশাহী, রংপুর ও ঢাকা বিভাগসহ দেশের উত্তর ও দক্ষিণাঞ্চলে অত্র কোম্পানীর উৎপাদিত সিমেন্ট সরবরাহের ক্ষেত্রে অবস্থানগত বিশেষ সুবিধা রয়েছে। এসকল অঞ্চলে স্বল্প সময়ে স্থল ও জল উভয় পথেই সিমেন্ট পরিবহন ও সরবরাহ করা হচ্ছে। এছাড়া অত্র কোম্পানীর নিজস্ব পণ্য পরিবহন ব্যবস্থা বিদ্যমান রয়েছে বিধায় সমগ্র বাংলাদেশকে পণ্য সরবরাহ নেটওয়ার্কের আওতায় আনা সম্ভব হয়েছে।

পণ্য উৎপাদন ও বিক্রয় (Production and Sales)



বাংলাদেশের ভোক্তাদের সামর্থের পার্থক্যের কারণে ঢাকা ও চট্টগ্রাম বিভাগে দেশজ সিমেন্টের মোট উৎপাদনের তিন-চতুর্থাংশ ব্যবহৃত হয়। তবে সম্প্রতি এ ধারার পরিবর্তন লক্ষ্যনীয় হয়েছে। পণ্য উৎপাদন ও পণ্য বিক্রয় পৃথক বিষয় হলেও এগুলি একে অপরের উপর বিশেষভাবে নির্ভরশীল। দেশের সরকারী ও বেসরকারী পর্যায়ে ভৌত অবকাঠামোগত উন্নয়ন, সড়ক ও জনপথ নির্মাণ, আবাসন নির্মাণ ও পুণঃনির্মাণের গতিধারার সাথে সিমেন্টের চাহিদাও নিবিড় ভাবে সম্পৃক্ত। অত্র কোম্পানীর উৎপাদিত পণ্যের ক্রেতাদের ব্যবহার ও চাহিদার ভিত্তিতে কয়েক ভাগে ভাগ করা যায় যেমন -

- | | | |
|-----------------------------|----------------------------|-------------------------------|
| ১) বিতরণকারী; | ২) ডিলার; | ৩) খুচরা বিক্রেতা; |
| ৪) ঠিকাদার; | ৫) শিল্প-কারখানা; | ৬) আবাসন নির্মাতা প্রতিষ্ঠান; |
| ৭) ব্যক্তিগত বাড়ি নির্মাণ; | ৮) অন্যান্য ভোক্তা/ক্রেতা। | |

আলোচ্য আর্থিক বৎসরে উৎপাদন এবং বিক্রয় কার্যক্রমের সার্বিক ধারা অব্যাহত রাখার পাশাপাশি তা আরো বৃদ্ধির জন্য অত্র কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অত্যন্ত সচেষ্ট থাকায় পণ্য উৎপাদন ও বিক্রয় পরিস্থিতির সার্বিক অগ্রগতির ধারায় ইতিবাচক ফল ধরে রাখা সম্ভবপর হয়েছে।

আলোচ্য ২০১৮-২০১৯ আর্থিক বৎসরে অত্র কোম্পানী ১১.৪২ লক্ষ মেঃ টন সিমেন্ট উৎপাদন করতে সক্ষম হয়েছে। পূর্ববর্তী বছরে যা ছিল ৯.০২ লক্ষ মেঃ টন। ফলে পূর্ববর্তী আর্থিক বৎসরের তুলনায় আলোচ্য আর্থিক বৎসরে অত্র কোম্পানীর উৎপাদন ২৬.৬১% বৃদ্ধি পেয়েছে।

বিক্রয় বৃদ্ধি ও ভোক্তার চাহিদার বৃদ্ধির লক্ষ্যে আলোচ্য বৎসর বিভিন্ন প্রণোদনা মূলক কর্মসূচি পরিচালিত হয়েছে। যার মধ্যে ছিল সেমিনার, সম্মেলন, সমাবেশ, মত বিনিময় সভা ও কর্মশালা। এ সকল কর্মসূচিতে বিক্রেতা, ডিলার, রাজমিস্ত্রী, টেকনিশিয়ান, পেশাজীবী এবং ভোক্তাগণ বিভিন্ন পর্যায়ে অংশ গ্রহণ করেছেন।



অপরদিকে ২০১৮-২০১৯ আর্থিক বৎসরে অত্র কোম্পানীর নীট বিক্রয়লব্ধ আয় ছিল ৭৭০.৯২ কোটি টাকা যা বিগত ২০১৭-২০১৮ আর্থিক বৎসরে ছিল ৫৫৩.৩৪ কোটি টাকা। অর্থাৎ পূর্ববর্তী বৎসরের তুলনায় আলোচ্য বৎসরে নীট বিক্রয়লব্ধ আয় ২১৭.৫৮ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। ফলে আলোচ্য বৎসরে নীট বিক্রয়ের ক্ষেত্রে ৩৯.৩২% প্রবৃদ্ধি অর্জিত হয়েছে।

অত্র বৎসরে মোট ১১.৪৪ লক্ষ মেঃ টন সিমেন্ট বিক্রয় করা সম্ভব হয়েছে। বিগত বৎসরে যা ছিল ৯.১৩ লক্ষ মেঃ টন। ফলে বস্তুগতভাবে বিক্রয় ২৫.৩০% বৃদ্ধি পেয়েছে।

উৎপাদন সক্ষমতা বৃদ্ধি

বাংলাদেশের মত একটি ক্ষুদ্র অর্থ তীব্র প্রতিযোগিতামূলক সিমেন্ট খাতের বাজারে প্রযুক্তি নির্ভর কোন শিল্প-কারখানাকে টিকে থাকার জন্য প্রয়োজন উৎপাদন ও বাণিজ্যিক কৌশলের সমন্বিত কার্যক্রম। এছাড়া বৎসরের ভিন্ন ভিন্ন সময়ে পরিস্থিতি


পর্যবেক্ষণ ও তা পর্যালোচনা করার সক্ষমতা। অত্র কোম্পানীকে এদেশের বাজারে অবস্থানকারী অন্যান্য প্রতিযোগীদের কর্মধারা ও নতুন নতুন শিল্প কারখানার আগমন, এ খাতে যাবতীয় ঝুঁকি সমূহের উদ্ভব ও তা প্রতিকারের মত গুরুত্বপূর্ণ বিষয়গুলির দিকে সজাগ দৃষ্টি রাখতে হয়। ইতিপূর্বে আমরা আপনাদেরকে অবগত করেছি যে, বর্তমানে আমাদের দেশে স্থানীয় পর্যায়ে সিমেন্টশিল্প খাতে চাহিদার তুলনায় বেশী পরিমাণে সক্ষমতা রয়েছে। অবশ্য দেশীয় বাজারে মানসম্পন্ন সিমেন্টের বিপুল চাহিদাও রয়েছে। সিমেন্টের কার্যকর চাহিদা এবং যোগান যেকোন ইংরেজী বছরের প্রথম ভাগে বেশী থাকে, এ তথ্য ও উপাত্ত বিবেচনায় রেখে অত্র কোম্পানী এর উৎপাদন সক্ষমতা আরোও বৃদ্ধির উদ্যোগ ইতিমধ্যে গ্রহণ করেছে। উৎপাদন সক্ষমতার পরিকল্পনা পরিপূর্ণ ভাবে বাস্তবায়িত হলে অত্র কোম্পানীর উৎপাদন বৃদ্ধির সাথে সাথে মুনাফাও বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে। এ লক্ষ্যে অত্র কোম্পানী ইতিপূর্বে ডেনমার্ক-এর এফএল স্মিথ নামক কোম্পানীর সাথে ভার্টিকেল রোলার মিল (VRM) মেশিনারিজ আমদানী ও তা মংলা কারখানায় স্থাপনের জন্য একটি চুক্তি স্বাক্ষর করেছিল। ভার্টিকেল রোলার মিল মেশিনারিজ স্থাপনের কার্যক্রম পুরোদমে চলছে যা বাস্তবায়িত হলে অত্র কোম্পানীর উৎপাদন সক্ষমতা বছরে প্রায় ২০ লাখ মেট্রিক টনে উন্নীত হবে। ২০১৯ ইং সালের মধ্যেই উক্ত যন্ত্রাদি স্থাপনের কাজ সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে। যথাযথ ভাবে প্রকল্পটি বাস্তবায়িত হলে তা হবে অত্র কোম্পানীর ২য় ইউনিট। ২০১৯ইং সনের মধ্যে ভার্টিকেল রোলার মিলটি চালু করার মাধ্যমে এ ইউনিট হতে বাণিজ্যিকভাবে সিমেন্ট উৎপাদন ও সরবরাহ করা সম্ভবপর হবে। ডেনমার্ক-এর এফএল স্মিথ-এর সাথে সম্পাদিত যন্ত্রপাতি ক্রয় চুক্তিতে অর্থায়নের মাধ্যমে তা বাস্তবায়নের জন্য ইনফ্রাকস্ট্রাকচার ডেভালপমেন্ট কোম্পানী লিঃ (IDCOL) নিকট থেকে অত্র কোম্পানী শিল্প-ঋণ সুবিধা গ্রহণ করেছে। উল্লেখ্য যে, উক্ত প্রকল্পের আর্থিক প্রয়োজনের যোগান মিটানোর জন্য ইতিপূর্বে ১০০ কোটি টাকার পূর্ণ প্রত্যাহারযোগ্য অগ্রাধিকারযুক্ত শেয়ার প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে

ইস্যু করার জন্য মের্সাস AAA Finance & Investment Ltd.কে ইস্যু ম্যানেজার হিসাবে নিয়োগ প্রদান করা হয়েছিল। এ বিষয়কে বিশেষ সিদ্ধান্ত বিগত ২৬তম সাধারণ সভার সাথে অত্র কোম্পানীর সদস্যদের সর্বসম্মত অনুমোদনক্রমে গৃহীত হয়েছিল। বিগত ২০/১১/২০১৮ ইং তারিখে এ সংক্রান্ত আবেদনপত্র বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের জমা প্রদান করা হয়েছে এবং এটি বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের প্রয়োজনীয় অনুমোদনের জন্য বর্তমানে বিবেচনাধীন রয়েছে।

প্রাতিষ্ঠানিক কর্মদক্ষতা

অত্র কোম্পানী এর স্বার্থের বিষয়ে সম্যক সচেতন রয়েছে। এ দায়বদ্ধতার নিরিখে অত্র প্রতিষ্ঠান নিজ কর্ম পরিকল্পনা অত্যন্ত সতর্কতা ও বিচিনার সাথে প্রণয়ন ও তা বাস্তবায়ন করছে। এর পাশাপাশি লক্ষ্য অর্জনের জন্য যথাযথ কর্মকৌশলও নির্ধারণ করছে। উল্লেখ্য যে, যথাযথ কর্মকৌশল পরিকল্পনা যে কোন কোম্পানীকে তার ব্যবসা প্রসারণ, উন্নয়ন এবং বাজারে এর অবস্থান তৈরী ও তা ধরে রাখার ক্ষেত্রে কার্যকরভাবে সহায়তা করে থাকে। যা সময় সময় পরিবর্তন ও পর্যালোচনার উপযোগী হতে হয়। এছাড়াও প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থায় টিকে থাকার জন্য ও সার্বিক উন্নয়নের ধারার উত্তরণ ঘটানোর লক্ষ্যে প্রতিটি শিল্প-বাণিজ্যিক প্রতিষ্ঠানকে উৎপাদন এবং বিক্রয় কার্যক্রমে ইতিবাচক ফল অর্জন করতে হয়। আলোচ্য আর্থিক বৎসরে উৎপাদন এবং বিক্রয় কার্যক্রমের সার্বিক ধারা অব্যাহত রাখতে অত্র কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অত্যন্ত সচেষ্ট ছিল, যার ফলে অত্র কোম্পানীর পণ্য উৎপাদন ও বিক্রয় পরিস্থিতির সার্বিক অগ্রগতির ইতিবাচক ধারা অব্যাহত ছিল।

আলোচ্য ২০১৮-২০১৯ইং আর্থিক বৎসরে সিমেন্ট বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে অত্র কোম্পানীর বিক্রয়, বিতরণ নেটওয়ার্ক ও মার্কেটিং ব্যবস্থাপনা আরও শক্তিশালী করা হয়েছে। যা এদেশের সিমেন্টের বাজারে আমাদের অবস্থানকে সুদৃঢ় রাখবে বলে আমরা আশা করছি। আলোচ্য আর্থিক বৎসরে অত্র কোম্পানীর নীট বিক্রয়লব্ধ আয় ছিল ৭৭০.৯২ কোটি টাকা, বিগত আর্থিক বৎসরে যা ছিল ৫৫৩.৩৪ কোটি টাকা। অর্থাৎ পূর্ববর্তী বৎসরের তুলনায় আলোচ্য সময়ে নীট বিক্রয়লব্ধ আয় ২১৭.৫৮ কোটি টাকা তথা ৩৯.৩২% বৃদ্ধি পেয়েছে। যদিও আলোচ্য আর্থিক বৎসরে উৎপাদন ব্যয় এবং পণ্য বিপণন ও বিতরণ ব্যয় উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পেয়েছে। তথাপিও মার্কেটিং, বিক্রয় ও বিতরণ বিভাগের সমন্বিত প্রচেষ্টায় সমন্বিত ব্যবস্থাপনায় অত্র কোম্পানীর মুনাফা অর্জনের ধারাবাহিকতা রাখতে সক্ষম হয়েছে। কোম্পানীর কার্যক্রম পরিচালনা ব্যবস্থাপনায় দক্ষতা, অক্লান্ত পরিশ্রম ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের ফলে আলোচ্য আর্থিক বৎসরে অত্র কোম্পানী যাবতীয় বিরূপ ও প্রতিকূল পরিস্থিতি সত্ত্বেও ৭.২২ কোটি টাকা নিট মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছে। পূর্ববর্তী আর্থিক বৎসরে যা ছিল ৬.৭৫ কোটি টাকা (পুনঃব্যক্ত) অর্থাৎ পূর্ববর্তী বৎসরের তুলনায় আলোচ্য বৎসরে মুনাফা ০.০৭% বৃদ্ধি পেয়েছে।



উল্লেখ্য যে, আলোচ্য আর্থিক বৎসরে কোম্পানীর পণ্য উৎপাদন ব্যয়ের পরিমাণ ছিল ৬৯২.৬৭ কোটি টাকা। বিগত আর্থিক বৎসরে যা ছিল ৪৯৬.৪৪ কোটি টাকা। বিগত আর্থিক বৎসরের তুলনায় আলোচ্য আর্থিক বৎসরে অত্র কোম্পানীর পণ্য উৎপাদন ব্যয় ৩৯.৫৩% বৃদ্ধি পেয়েছে।

লভ্যাংশ প্রদান

অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী অর্জিত লাভকে শেয়ারহোল্ডারদের মাঝে বিতরণ করার ক্ষেত্রে সামাজ্যস্বপূর্ণ লভ্যাংশনীতি অনুসরণ করে আসছে। শেয়ারহোল্ডারদের স্বার্থ সংরক্ষণের বিষয়কে এক্ষেত্রে সব সময়ই অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছে। অত্র কোম্পানীর আর্থিক অর্জনকে লভ্যাংশ বা বোনাস শেয়ারের আকারে শেয়ারহোল্ডারদের মাঝে বন্টনের বিষয়ে পরিচালকমন্ডলী যথেষ্ট দায়িত্বশীল ও সচেতন রয়েছেন। লভ্যাংশ প্রদানের ক্ষেত্রে ধারাবাহিকতা বজায় রাখার বিষয়েও আমরা অত্যন্ত সচেতন রয়েছি। কোম্পানীর সার্বিক অবস্থা বিবেচনা ও অন্যান্য বিষয়াদিকে বিশ্লেষণ, অর্জিত আর্থিক সাফল্য, তারল্যের সাথে সংগতি রেখে এবং চলমান অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়কে বিবেচনায় রেখে আলোচ্য ২০১৮-২০১৯ইং আর্থিক বৎসরের জন্য অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী কোম্পানীর সকল সম্মানিত শেয়ারহোল্ডারদের জন্য ১০% হারে নগদ লভ্যাংশ ৫% হারে স্টক লভ্যাংশ প্রদানের জন্য প্রস্তাব করেছেন। উল্লেখ্য, যে সকল সম্মানিত শেয়ার হোল্ডারগণের নাম অত্র কোম্পানী কর্তৃক পূর্ব ঘোষিত ০২/১২/২০১৯ইং তারিখ রেকর্ড ডেটে কোম্পানীর সদস্যবহিতে অন্তর্ভুক্ত রয়েছে শুধুমাত্র তারাই উক্ত ঘোষিত নগদ লভ্যাংশ ও বোনাস শেয়ার পাবার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।



উক্ত নগদ ও স্টক লভ্যাংশ (বোনাস শেয়ার) বিতরণ করার গুরুত্বপূর্ণ বিষয়টি অত্র ২৭তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের সদয় অনুমোদনের জন্য পেশ পূর্বক তা অনুমোদনের জন্য পরিচালকমন্ডলী সুপারিশ করছেন।


উল্লেখ্য, পূর্ববর্তী আর্থিক বৎসরে সম্মানিত শেয়ারহোল্ডারদের জন্য ঘোষিত (লভ্যাংশ) তথা বোনাস শেয়ারের হার ছিল ১০%।

জাতীয় কোষাগারে অত্র কোম্পানীর অবদান

এটা সর্বজনবিদিত কোন উন্নয়ণ রাতারাতি অর্জিত হয় না। উন্নয়ণ একটি গতিশীল কর্মধারা অর্থনৈতিকসহ সকল খাতের সমন্বিত অংশ গ্রহণের পাশাপাশি সকল নাগরিকদের ইতিবাচক আর্থিক ও সামগ্রিক অবদান না থাকলে কোন দেশের আর্থ-সামাজিক তথা সার্বিক অর্থনৈতিক উন্নয়ণ ঘটানো সম্ভব নয়। এর সাথে সাথে দেশের সক্ষম জনগোষ্ঠিকে দেশের প্রতি আর্থিক দায়িত্বও যথাযথভাবে পালন করার বিষয়ে সচেতন ও সক্রিয় হতে হয়।

জন্মলগ্ন হতেই অত্র কোম্পানী দেশের প্রতি এর দায়িত্ব ও কর্তব্যের বিষয়ে সচেতন রয়েছে। যার ধারাবাহিকতায় প্রতি বৎসর জাতীয় কোষাগারে কর, কাস্টমস শুল্ক, ভ্যাট ইত্যাদি খাতে পরিশোধের মাধ্যমে জাতীয় উন্নয়নে অত্র কোম্পানী তার অবদান রেখে চলেছে। আলোচ্য ২০১৮-২০১৯। আর্থিক বৎসরে অত্র কোম্পানী কর, কাস্টমস শুল্ক, ভ্যাটসহ বিবিধ খাতে এদেশের জাতীয় কোষাগারে মোট ১৬৬.৯০ কোটি টাকা জমা প্রদান করেছে।

আলোচ্য আর্থিক বৎসরে বাংলাদেশের জাতীয় কোষাগারে অত্র কোম্পানীর জমাকৃত অর্থের পরিমাণ ছিল উক্ত বৎসরের মোট বিক্রয়লব্ধ আয়ের শতকরা ২১.৬৫% ভাগ। উল্লেখ্য যে, ২০১৭-২০১৮ ইং আর্থিক বৎসরে এদেশের জাতীয় কোষাগারে অত্র কোম্পানীর জমার পরিমাণ ছিল ১৩৫.০৪ কোটি টাকা। যা উক্ত আর্থিক বৎসরের মোট বিক্রয়লব্ধ আয়ের শতকরা ২৪.৪১% ভাগ ছিল। আলোচ্য আর্থিক বৎসরে অত্র কোম্পানী কর্তৃক জাতীয় কোষাগারে জমা পূর্ববর্তী বৎসরের তুলনায় ২৩.৫৯% বৃদ্ধি পেয়েছে।



পরিবেশ সংরক্ষণ

পরিবেশ সংরক্ষণের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মের বেড়ে ওঠা ও ভালভাবে বেঁচে থাকার বিষয়ে নিশ্চিত করা সম্ভব। পরিবেশবাদীরা সকল জনগোষ্ঠীর নিকট এবার্তা পৌছানোর চেষ্টা করছেন যে, পরিবেশ সংরক্ষণের ক্ষেত্রে সকলেরই অবদান রাখার সুযোগ রয়েছে এবং তা কার্যকর করাও অতীব প্রয়োজন।

অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী ও ব্যবস্থাপনা দেশের সার্বিক পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণ, তা বজায় রাখা এবং উন্নয়নের বিষয়ে যথেষ্ট সচেতন ও যত্নশীল রয়েছেন। এদেশের প্রাকৃতিক ভরসাম্য রক্ষা ও সংরক্ষণকে বিবেচনায় রেখে অত্র কোম্পানীর উৎপাদন ও তৎসংশ্লিষ্ট অন্যান্য কর্ম-পরিকল্পনা গৃহীত হয়ে আসছে। যা আলোচ্য ২০১৮-২০১৯ বৎসরেও অব্যাহত ছিল। অত্র কোম্পানী এর কারখানা ও অন্যান্য কার্যালয়ে পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক আধুনিক যন্ত্রাদি স্থাপন করেছে। অত্র কোম্পানী সিমেন্ট শিল্প কারখানাটির বিবিধ দূষণ সৃষ্টিকারী উপাদানসমূহকে নির্মূল এবং দূরীকরণের জন্য যথাসাধ্য প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এর ফলে অত্র কোম্পানীর কারখানা ও এর অন্যান্য কার্যালয়ের কাজের সার্বিক পরিবেশ উল্লেখযোগ্যভাবে উন্নত হয়েছে এবং পণ্য উৎপাদনের ক্ষেত্রেও এর ইতিবাচক প্রভাব লক্ষ্যণীয়ভাবে প্রতিভাত।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, অত্র কোম্পানী এর সিমেন্ট উৎপাদনের ক্ষেত্রে সাথে সাথে পণ্য বিপণন ও বিতরণের ক্ষেত্রে “কার্যকর পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতি” (Effecetive Environmental Management System) বাস্তবায়ন করেছে। উক্ত “কার্যকর পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতি” বাস্তবায়ন ও তা অনুসরণের স্বীকৃতিতে TÜV Austria (Bureeau of Inspection & Certification (Pvt.) Ltd.) বিগত জুন ২০১৯ এ অত্র কোম্পানীকে ISO 14001:2015 Quality Management System সনদ প্রদান করেছে।

ঝুঁকি এবং এর প্রতিকার ব্যবস্থাপনা

সিমেন্ট শিল্প এদেশের একটি ক্রমসম্প্রসারণশীল শিল্প ক্ষেত্র, এ শিল্পখাত ভবিষ্যতে আরোও সমৃদ্ধ হবে আশা করা হচ্ছে। উক্ত সমৃদ্ধির পাশাপাশি এ শিল্পক্ষেত্রে বেশ ঝুঁকিও রয়েছে। ঝুঁকি এমন একটি বিষয় যার প্রভাব সুদূর প্রসারী এবং এর ব্যাপ্তি ও প্রকৃতি বেশ ব্যাপক ও জটিল। প্রতিটি শিল্প ও বাণিজ্যের সাথেই বিভিন্ন প্রকারের ঝুঁকির নিবিড় সম্পৃক্ততা রয়েছে। ব্যবসা-বাণিজ্যের প্রায় সকল স্তরেই রয়েছে অনিশ্চয়তা। মুদ্রাস্ফীতি, বৈদেশিক মুদ্রার বিনিময় হারের তারতম্য, কাঁচামালের মূল্যে প্রতিকূল পরিবর্তন, অর্থনৈতিক মন্দাবস্থা, আর্থিক ক্ষতি, প্রাকৃতিক দুর্যোগ, রাজনৈতিক গোলযোগ,

অপ্রত্যাশিত দুর্ঘটনা ইত্যাদি নানা ধরনের সমস্যা শিল্পখাতকে ঝুঁকির মুখোমুখি করে থাকে। বাংলাদেশের সিমেন্ট সেক্টর একটি উদীয়মাণ ভারী শিল্প খাত। এর সাথে জড়িত রয়েছে নানাবিধ দৃশ্যমাণ, অদৃশ্য ও অপ্রত্যাশিত অনিশ্চয়তা ও ঝুঁকিসমূহ। অত্র কোম্পানী এ সকল ঝুঁকি মোকাবিলা ও ব্যবস্থাপনার বিষয়ের উপর বিশেষ গুরুত্ব আরোপ করে থাকে। অত্র কোম্পানী সম্ভাব্য ভবিষ্যৎ ঝুঁকি ও ক্ষতি মোকাবেলা, ঝুঁকি চিহ্নিত করা, ঝুঁকির জন্য প্রয়োজনীয় প্রস্তুতি ও ঝুঁকির উদ্ভবের সাথে সাথে তা যথোপযুক্তভাবে মোকাবেলা করার মত বিষয়গুলিকে বিশেষ গুরুত্ব দিয়ে কর্মধারা পরিচালনা করেছে। সম্ভাব্য ভবিষ্যৎ ঝুঁকি ও ক্ষতিসমূহকে নির্মূলের বিষয়টি একান্তভাবে সম্ভবপর না হলে তা যতদূর সম্ভব সর্বনিম্ন পর্যায়ে রাখা ও নিয়ন্ত্রণ করার বিষয়গুলিকে কর্মপরিকল্পনার কৌশল ও সক্রিয় বিবেচনার ভেতর অন্তর্ভুক্ত করে অত্র কোম্পানীর যাবতীয় কার্যধারা পরিচালিত ও বাস্তবায়িত হচ্ছে।

স্বার্থ সংশ্লিষ্ট পার্টির সাথে লেনদেন

পণ্য উৎপাদন ও সার্বিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অত্র কোম্পানী সংশ্লিষ্ট আইনের বিধি, বিধান ও অন্যান্য প্রযোজ্য নির্দেশনা প্রতিপালন, শেয়ারহোল্ডারদের স্বার্থসংরক্ষণ, সকল ক্ষেত্রে নৈতিকতা রক্ষার বিধি-বিধান, যাবতীয় কর্মকাণ্ডের জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করা প্রভৃতি বিষয়গুলির উপর বিশেষ গুরুত্ব দিয়ে এসেছে। তা পরিপূর্ণভাবে পালনেও আমরা সচেষ্ট রয়েছি। আগামীতেও এ ধারা অব্যাহত থাকবে বলে আমরা আপনাদেরকে আশ্বস্ত করছি।

আলোচ্য আর্থিক বৎসরের প্রতিবেদনে অত্র কোম্পানীর সাথে স্বার্থ সংশ্লিষ্ট পার্টির সাথে লেনদেন সম্পর্কিত বিস্তারিত বিবরণ নিরীক্ষা প্রতিবেদনের নোট নম্বর ৩৭ পৃষ্ঠা নং- ১২৫ এ উল্লেখ করা হয়েছে।

কোম্পানীর শেয়ারহোল্ডার সম্পর্কিত তথ্য

শেয়ারহোল্ডারগণই কোন কোম্পানীর প্রকৃত মালিক, প্রকৃতপক্ষে তাঁরাই কোম্পানীতে অর্থায়ন, পরিচালনা, গভর্ন্যান্স এবং নিয়ন্ত্রণের মত তাৎপর্যপূর্ণ বিষয়গুলিতে গুরুত্বপূর্ণ অবদান রেখে কোম্পানীর কর্মধারা বেগবান করে থাকেন। এ বিষয়গুলি হতে উদ্ভূত সকল প্রকার ফলাফলের প্রকৃত সুবিধাভোগীও অত্র কোম্পানীর শেয়ারহোল্ডারগণ। যারা প্রত্যক্ষ ও পরোক্ষ বিভিন্নভাবে অত্র কোম্পানীর সার্বিক কর্মকাণ্ডের সাথে জড়িত আছেন ও থাকেন। অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী তাদের উপর অর্পিত দায়িত্ব পালনের ক্ষেত্রে কোম্পানীর শেয়ারহোল্ডারদের স্বার্থসুরক্ষার সাথে তাদের জন্য আরো অধিক ইতিবাচক ফলাফল লাভের বিষয়ে সর্বদা সচেষ্ট রয়েছেন এবং থাকবেন।

অত্র কোম্পানীর রেকর্ড ডেট ০২/১২/২০১৯ ইং তারিখে নির্ধারণ করা হয়েছিল। উক্ত রেকর্ড ডেট অনুযায়ী অত্র কোম্পানীর শেয়ারহোল্ডারবৃন্দের সংখ্যা ছিল মোট ৬,৮৬৮ জন। পূর্ববর্তী আর্থিক বৎসরের রেকর্ড ডেট (০৪/১০/২০১৮ ইং তারিখ) অনুযায়ী অত্র কোম্পানীর শেয়ারহোল্ডারবৃন্দের সংখ্যা ছিল মোট ৬,৫৫১ জন।

বর্তমানে কোম্পানীর ইস্যুকৃত এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ২৪,৭৫,০৪,৪০০/- (চব্বিশ কোটি পঁচাত্তর লক্ষ চার হাজার চার শত টাকা) মাত্র, যা উদ্যোক্তা, ব্যাংক, আর্থিক ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং সাধারণ শেয়ারহোল্ডারগণের মাঝে ইস্যুকৃত ও পরিশোধিত হয়েছে।

কোম্পানীর সংখ্যালঘু শেয়ারহোল্ডারগণের স্বার্থ

পরিচালকমন্ডলী অত্র কোম্পানীর লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের বিষয়ের পাশাপাশি ব্যবসার পরিধি সম্প্রসারণের বিষয়ে সূচনালগ্ন হতেই সচেষ্ট রয়েছেন। সকল শেয়ারহোল্ডারগণের স্বার্থ রক্ষার বিষয়ে সজাগ দৃষ্টিও রয়েছে। এর পাশাপাশি কোম্পানীর সংখ্যালঘু শেয়ারহোল্ডারগণের স্বার্থ সংরক্ষণের বিষয়েও আমরা বিশেষভাবে সতর্ক ও যত্নবান রয়েছি। কোম্পানী তার কর্ম পরিচালনা ও ব্যবস্থাপনার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়কে প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছে এবং তা বজায় রাখার বিষয়ে অত্যন্ত সচেতন ও তৎপর রয়েছে। সংখ্যালঘু শেয়ারহোল্ডারগণের স্বার্থ সংশ্লিষ্ট যে কোন বিষয়কে অত্র কোম্পানী সব সময় অগ্রাধিকার দিয়ে এসেছে। অত্র কোম্পানীর ব্যবস্থাপনা ও পরিচালনা, কৌশলগত সিদ্ধান্ত গ্রহণের মত গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে শেয়ারহোল্ডারদেরকে অবগত করার জন্য দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়ে থাকে। যাবতীয় জিজ্ঞাসা/ প্রশ্নের জবাব অনতিবিলম্বে অত্র কোম্পানীর ব্যবস্থাপনা পর্যায়ে হতে দেয়া হয়ে থাকে। তদুপরি অত্র কোম্পানীর যে কোন কৌশলগত সিদ্ধান্ত যা শেয়ারহোল্ডারদের স্বার্থকে প্রভাবিত করতে পারে বলে অনুমিত হয় সেগুলি এবং কোম্পানীর সার্বিক কর্মকাণ্ড সম্পর্কিত বিভিন্ন বিষয়সমূহ বিভিন্ন গণমাধ্যমের মাধ্যমে সকল শেয়ারহোল্ডারদের সাথে সংখ্যালঘু শেয়ারহোল্ডারদেরকেও তা অবগত করার জন্য প্রয়োজনীয় অব্যাহত আছে।

পরিচালকমন্ডলী

সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানাচ্ছি যে,

১. অত্র কোম্পানীর চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক দুজন পৃথক ব্যক্তি। কোম্পানীর প্রতিষ্ঠার পর হতে এ দুটি পদ পৃথক পৃথক ব্যক্তি গণ অলংকৃত করে আসছেন। যার ধারাবাহিকতা অত্র ২০১৮-২০১৯ আর্থিক বৎসরে অব্যাহত ছিল। অত্র কোম্পানীর চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালকদের জীবন বৃত্তান্ত অত্র ২৭তম বার্ষিক প্রতিবেদনের প্রারম্ভিক অংশে সংযোজিত রয়েছে।



২. অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী ব্যবস্থাপনা হতে পৃথক অবস্থানে থেকে স্বাভাবিক বজায় রাখার মাধ্যমে তাদের উপর অর্পিত গুরুদায়িত্ব দায়িত্বশীলতার সাথে পালন করে চলেছেন। এ ক্ষেত্রে পরিচালকমন্ডলীর উপর কোনরূপ চাপ বা প্রভাব বিস্তার করা হয় না। তাদের দায়িত্ব সম্পর্কে কার্যবিধি প্রণয়ন করা হয়েছে। পরিচালকমন্ডলী যা যথাযথভাবে অনুসরণ করে থাকেন। অত্র ২০১৮-২০১৯ আর্থিক বৎসরেও উক্ত ধারা অব্যাহত ছিল। উক্ত সময়ে পরিচালকমন্ডলীর দায়িত্বপালনের ক্ষেত্রে কোনরূপ হস্তক্ষেপ বা সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কোন প্রকার চাপ বা প্রভাব বিস্তার করার মত কোন ঘটনা সংঘটিত হয়নি।

কোম্পানীর বর্তমান পরিচালকমন্ডলীতে ২জন নিরপেক্ষ পরিচালক এবং ০৬ জন পরিচালক রয়েছেন। আলোচ্য আর্থিক বৎসরে পরিচালকমন্ডলীর বিবিধ দায়িত্ব পালনের পাশাপাশি নিম্নলিখিত দায়িত্বও পালন করেছেনঃ

- কোম্পানীর ব্যবস্থাপনা ও পরিচালনায় যোগ্য নেতৃত্ব প্রদান;
- কোম্পানীর লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ, বাস্তবায়ণ ও পর্যবেক্ষণ;
- কোম্পানীর মূল্যবোধ ও মানদণ্ড নির্ধারণ;
- কোম্পানীর উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থসংস্থান ও উপযুক্ত ব্যবস্থাপনা নিযুক্তি;
- কোম্পানীর ব্যবসা-বাণিজ্যের স্বার্থে কৌশলগত পরিকল্পনা গ্রহণ, প্রস্তাবনাসমূহ প্রণয়ন, বিবেচনা ও নির্ধারণ;
- কোম্পানীর ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদেরকে কোম্পানীর লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে উদ্বুদ্ধ করা ও তাদের পারফরমেন্স বিবেচনা;
- কোম্পানীর বার্ষিক আর্থিক প্রতিবেদনে নিশ্চিত করা, অভ্যন্তরীণ নিরীক্ষা ও নিয়ন্ত্রণ ব্যবস্থার যথাযোগ্যতা ও বিবেচনা বিধান করা;
- কোম্পানীর ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি ও এর সক্ষমতা যাচাইকরা এবং ঝুঁকি হ্রাসের বিষয় নিশ্চিত করা;
- কোম্পানীর ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের জন্য যথাযোগ্য পারিশ্রমিক ও পারিতোষিক নির্ধারণ;
- নির্বাহী পরিচালকদের নিয়োগ, পারফরমেন্স বিবেচনা ও ব্যবস্থাপনীয় উত্তরসূরী নির্বাচন ও স্থলাভিষিক্তকরণ পরিকল্পনা;
- কোম্পানীর শেয়ারহোল্ডার ও অন্যান্য স্টেকহোল্ডারদের স্বার্থ সম্মত রাখার বিষয় অনুধাবন, গুরুত্ব প্রদান পূর্বক যাবতীয় কর্মকৌশল নির্ধারণ ও সম্পাদন করা।

পরিচালকমন্ডলীর সভায় উপস্থিতির বিবরণ

নিদিষ্ট সময় অন্তর পরিচালকমন্ডলীর সভা অনুষ্ঠিত হওয়া একটি গুরুত্বপূর্ণ বিষয়। প্রচলিত আইনের বিধান মোতাবেক প্রতিটি কোম্পানীর পরিচালকমন্ডলী নিয়মিত ভাবে তাদের সভায় মিলিত হয়ে কোম্পানীর পরিচালনা, কৌশলগত নীতিনির্ধারণী এবং নিয়ন্ত্রণমূলক বিবিধ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণসহ কোম্পানীর সার্বিক কার্যক্রমের প্রকৃত অবস্থা বিচার বিশ্লেষণ করে সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। এ বিষয়ে সমন্বয়যোগ্য পদক্ষেপ গ্রহণের মাধ্যমে কোম্পানীর লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের কাজকে নিয়মিত ভাবে মূল্যায়ন ও সঠিক পথে চালিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপও নিয়ে থাকেন। অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী আলোচ্য আর্থিক বৎসরেও নিয়মিত সভায় মিলিত হয়ে কোম্পানীর সার্বিক স্বার্থে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করেছেন ও প্রয়োজনীয় পদক্ষেপের জন্য কার্যকর সুপারিশ ও করেছেন। পরবর্তীতে তা পরিপালনের বিষয়টি নিশ্চিত করেছেন। বিভিন্ন সময়ে অত্র কোম্পানীর প্রয়োজনের নিরিখে অনেক সভা অনুষ্ঠিত হয়েছে। অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী তাদের সভায় বিভিন্ন বিষয়ে যৌথ সিদ্ধান্ত গ্রহণের ধারা অনুসরণ করে চলেছেন। এছাড়া যে সকল বিষয়ে তাদের যৌথ সিদ্ধান্ত ও অনুমোদন প্রদান করা প্রয়োজন তা দ্রুত গ্রহণ করে দ্রুততার সাথে তা নিষ্পন্ন করার বিষয়েও অত্যন্ত সচেতন ছিলেন এবং আছেন। পরিচালকমন্ডলী আলোচ্য ২০১৮-২০১৯ আর্থিক বৎসরে ১০ টি সভায় মিলিত হয়েছেন। আলোচ্য সময়ে অত্র কোম্পানীর পরিচালকমন্ডলীর অনুষ্ঠিত সভায় পরিচালকদের ব্যক্তিগত উপস্থিতির বিবরণ নিম্নে দেওয়া হয়েছেঃ

ক্রমিক নং	পরিচালকবৃন্দের নাম	অনুষ্ঠিত সভার সংখ্যা	অনুষ্ঠিত সভায় উপস্থিতির সংখ্যা
০১.	আহমেদ আকবর সোবহান, চেয়ারম্যান	১০	১০
০২.	আফরোজা বেগম, পরিচালক	১০	০৮
০৩.	সাদাত সোবহান, পরিচালক	১০	০৭
০৪.	সাফিয়াত সোবহান, পরিচালক	১০	১০
০৫.	সায়ম সোবহান, ব্যবস্থাপনা পরিচালক	১০	০৮
০৬.	সাফওয়ান সোবহান, পরিচালক	১০	১০
০৭.	খাজা আহমেদুর রহমান, নিরপেক্ষ পরিচালক	১০	১০
০৮.	জিয়াউর রহমান, নিরপেক্ষ পরিচালক	১০	১০

পরিচালকমন্ডলীর ধারনকৃত শেয়ার সংক্রান্ত তথ্য

৩০শে জুন, ২০১৯ ইং তারিখে পরিচালকবৃন্দের ধারনকৃত শেয়ার সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রমিক নং	পরিচালকবৃন্দের নাম	শেয়ার সংখ্যা	শতকরা হার
০১.	আহমেদ আকবর সোবহান, চেয়ারম্যান	৩১,৪৫,১২০	১২.৭১
০২.	আফরোজা বেগম, পরিচালক	২৫,৬৩,৮১৪	১০.৩৬
০৩.	সাদাত সোবহান, পরিচালক	২৪,২৪,১০৩	৯.৮০
০৪.	সাফিয়াত সোবহান, পরিচালক	২২,৩১,৬০৩	৯.০২
০৫.	সায়ম সোবহান, ব্যবস্থাপনা পরিচালক	৬,২৭,০০০	২.৫৩
০৬.	সাফওয়ান সোবহান, পরিচালক	১৩,২০,০০০	৫.৩৩
০৭.	খাজা আহমেদুর রহমান, নিরপেক্ষ পরিচালক	-	-
০৮.	জিয়াউর রহমান, নিরপেক্ষ পরিচালক	-	-

পরিচালকমন্ডলীর সম্মানী

পূর্ববর্তী বৎসরগুলির মত ৩০শে জুন, ২০১৯ ইং তারিখে সমাপ্ত আর্থিক বৎসরেও পরিচালকগণ অত্র কোম্পানী থেকে কোন ধরনের পারিতোষিক বা আর্থিক সুবিধাদি গ্রহণ করেননি।

পরিচালকদের পর্যায়ক্রমে অবসর গ্রহণ ও পুনর্নির্বাচন

সম্মিলিত ভাবে সিদ্ধান্তগ্রহণের মাধ্যমে কোম্পানীর কার্যক্রম পরিচালনা করার চর্চা অত্র কোম্পানী আলোচ্য আর্থিক বৎসরেও পরিচালকবৃন্দ অব্যহত রেখেছেন। অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী প্রাতিষ্ঠানিক লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের পাশাপাশি অগ্রগতি অর্জন এবং উত্তরোত্তর তা বৃদ্ধির বিষয়ে বিশেষভাবে জোর দিয়ে আসছেন। কর্মপন্থা নির্ধারণ ও পরিচালনার ক্ষেত্রে শেয়ারহোল্ডারগণ সহ সকল স্টেকহোল্ডারদের স্বার্থ যাতে সংরক্ষিত থাকে সেদিকে পরিচালকমন্ডলী বিশেষভাবে দৃষ্টি রেখেছেন। পরিচালকমন্ডলী অত্র কোম্পানীর আর্থিক ও ব্যবসায়িক বিভিন্ন বিষয়, চ্যালেঞ্জ সমূহ, নির্দেশনা প্রতিপালন, কর্পোরেট সুশাসন চর্চা, সামাজিক দায়বদ্ধতা এবং প্রাতিষ্ঠানিক নৈতিকতা সংক্রান্ত বিবিধ বিষয়ে সিদ্ধান্ত ও নির্দেশনা প্রদান করে কোম্পানীকে যথাযথভাবে পরিচালিত করার ক্ষেত্রে যথেষ্ট সজাগ ছিলেন।

অত্র কোম্পানীর পরিচালকমন্ডলীর মধ্য হতে দুই জন পরিচালক সর্বজনাব সায়ম সোবহান এবং সাফওয়ান সোবহান অত্র কোম্পানীর সংঘবিধির ধারা ১৩১ অনুযায়ী অত্র ২৭তম বার্ষিক সাধারণ সভায় পর্যায়ক্রমে (by rotation) অবসর গ্রহণ করছেন। এখানে উল্লেখ্য যে, অত্র কোম্পানীর সংঘবিধির ধারা ১৩৩ অনুযায়ী পর্যায়ক্রমে অবসর গ্রহণকারী উক্ত ২জন পরিচালকদের সকলেরই পুনর্নির্বাচিত হওয়ার যোগ্যতা রয়েছে। এবং তারা পুনঃনির্বাচিত হবার জন্য তাদের অগ্রহ ব্যক্ত করেছেন। পর্যায়ক্রমে অবসরগ্রহণকারী উক্ত ২জন পরিচালকের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত অত্র বার্ষিক প্রতিবেদনে অন্যান্য পরিচালকদের সাথে সন্নিবেশিত আছে।

অত্র ২৭তম বার্ষিক সাধারণসভায় পর্যায়ক্রমে অবসর গ্রহণকারী উক্ত ২জন পরিচালকের পুনর্নির্বাচনের বিষয়ে অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী সুপারিশ করেছেন।

নিরপেক্ষ পরিচালক

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন প্রাতিষ্ঠানিক সুশাসন নির্দেশনাকে সংশোধন পূর্বক প্রাতিষ্ঠানিক সুশাসন কোড হিসাবে পুনরায় জারী করেছেন যা (নোটিফিকেশন নম্বর: বিএসইসি/সিএমআরআরসি-ডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০, তারিখ ০৩/০৬/২০১৮ইং জারী হয়েছে। উক্ত কোড অনুযায়ী সকল তালিকাভুক্ত কোম্পানীর জন্য তাদের পরিচালকমন্ডলীর মধ্যে ১/৫ অংশ পদে নিরপেক্ষ পরিচালক নিযুক্তির বিধান রয়েছে।

নিরপেক্ষ পরিচালকগণ তাদের নিযুক্তি প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে আর্থিক বা অন্য কোনভাবে স্বার্থ সংযুক্ত থাকতে পারবেন না। এছাড়া নিরপেক্ষ পরিচালকগণকে ব্যবসা-বাণিজ্য সম্পর্কে পর্যাণ্ড জ্ঞানসম্পন্ন হতে হবে এর পাশাপাশি ১২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে এবং তৎসঙ্গে সং ও বিবেচক হওয়ার বাধ্য বাধকতা রয়েছে। এছাড়া প্রাতিষ্ঠানিক বিবিধ আইন-কানুন, নীতি ও নির্দেশনা অনুধাবন করা ও তা প্রতিপালনের বিষয়ে সজাগ থাকার প্রভৃতি যোগ্যতার অধিকারী হতে হবে।



জারীকৃত কর্পোরেট গভর্ন্যান্স কোড প্রতিপালনক্রমে অত্র কোম্পানীতে ২ জন নিরপেক্ষ পরিচালক নিযুক্ত আছেন। তারা হলেন সর্বজনাব খাজা আহমেদুর রহমান ও জিয়াউর রহমান। তারা বিগত আর্থিক বৎসরে তাদের উপর অর্পিত দায়িত্ব সূষ্ঠভাবে পালন করেছেন। উক্ত ০২ জন নিরপেক্ষ পরিচালকগণের প্রত্যেকেই দ্বিতীয় মেয়াদে অত্র কোম্পানীতে নিয়োজিত রয়েছেন। তাদের উভয়ের দ্বিতীয় মেয়াদ চলতি ইংরেজী বৎসরে সমাপ্ত হবে। তাদের নিযুক্তির মেয়াদ সমাপনান্তে নতুন ০২ জন নিরপেক্ষ পরিচালককে তাদের পরিবর্তে নিয়োগ ও স্থলাভিষিক্ত করার বিষয়ে ইতিমধ্যে অত্র কোম্পানীর নমিনেশন ও রেমুনারেশন কমিটি কাজ শুরু করেছেন।

নিরপেক্ষ পরিচালকদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত অত্র বার্ষিক প্রতিবেদনে অন্যান্য পরিচালকদের সাথে সন্নিবেশিত আছে।

নিরীক্ষা কমিটি

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত প্রতিষ্ঠানিক সুশাসন কোড অনুযায়ী প্রতিটি লিস্টেড কোম্পানীতে একটি নিরীক্ষা কমিটি গঠন ও তা কার্যকর করা বাধ্যতামূলক। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত কর্পোরেট গভর্ন্যান্স কোড নং ৪ বিএসইসি/সি এমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০, তারিখ ০৩/০৬/২০১৮ ইং অনুযায়ী অত্র কোম্পানীর নিরীক্ষা কমিটি পুনর্গঠন করা হয়েছে।

অত্র প্রতিষ্ঠানের আর্থিক প্রতিবেদন প্রস্তুত প্রক্রিয়া, অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা, অত্র প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য আইন-কানুন, নীতি ও নির্দেশনা প্রতিপালন ইত্যাদি নানাবিধ বিষয়সমূহ যথাযথ ভাবে অনুসৃত হবার বিষয়কে উক্ত নিরীক্ষা কমিটি পর্যবেক্ষণ ও নিশ্চিত করে এসেছেন। এছাড়া হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন প্রকাশের ক্ষেত্রে বিশেষ ধারা ও পদ্ধতি, বিভিন্ন সময়ে জারীকৃত ও প্রচলিত নির্দেশনা সঠিকভাবে প্রতিপালিত হয়েছে কিনা এবং প্রকাশিত বিভিন্ন প্রতিবেদনে তা যথাযথ ভাবে উপস্থাপিত হয়েছে কিনা তা নিরীক্ষা কমিটি পর্যবেক্ষণ করে থাকেন। প্রয়োজনে তারা নির্দেশনাও দান করে থাকেন। আর্থিক বৎসরের বিভিন্ন সময়ে প্রস্তুতকৃত ও প্রকাশিত আর্থিক প্রতিবেদনসমূহ সময়মত যথানিয়মে ও পদ্ধতিতে সম্পন্ন হয়েছে কিনা তাও উক্ত কমিটি যাচাই করে থাকেন। বিভিন্ন পর্যায়ে নিরীক্ষার মাধ্যমে প্রাপ্ত বিবিধ তথ্য ও ফলাফল এ সংক্রান্ত মানদণ্ড অনুযায়ী হয়েছে কিনা এবং যে সকল তথ্য প্রকাশ করার বাধ্যবাধকতা আছে তা যথানিয়মে ও যথাসময়ে দাখিল ও প্রকাশিত হয়েছে কিনা তাও উক্ত কমিটি যাচাই করে থাকেন।

মেঘনা সিমেন্ট মিলস লিমিটেডের নিরীক্ষা কমিটি একটি দায়িত্ব ও অভিজ্ঞতা সমৃদ্ধ কমিটি। আলোচ্য আর্থিক বৎসরে নিরীক্ষা কমিটি অত্র কোম্পানীর পরিচালকমন্ডলীকে প্রতিষ্ঠানিক সুশাসন সংক্রান্ত নানাবিধ বোধ সম্পন্ন বিষয়ে যথোপযুক্ত পরামর্শ ও সহযোগীতা প্রদান করেছেন। উক্ত কমিটি অত্র কোম্পানীর অভ্যন্তরীণ ও বিধিবদ্ধ নিরীক্ষকদের দায়িত্ব পালনের বিভিন্ন দিক, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা, আর্থিক হিসাব রক্ষণ ও প্রতিবেদন প্রস্তুত, ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি ইত্যাদি বিষয়গুলিকে পর্যবেক্ষণ সংক্রান্ত প্রতিবেদন অত্র কোম্পানীর পরিচালকমন্ডলীকে সময়ে সময়ে প্রদান করেছেন এবং এক্ষেত্রে তাদের সুপারিশও প্রদান করেছেন।

উক্ত নিরীক্ষা কমিটি আর্থিক প্রতিবেদনের বিস্তারিত ও ধারাবাহিক বিচার-বিশ্লেষণ, পর্যবেক্ষণ এবং পরামর্শ প্রদানের মাধ্যমে তাদের উপর অর্পিত দায়িত্ব ও কার্যভার প্রয়োজনীয় দক্ষতা, নির্ভরযোগ্যতা ও বিশ্বস্ততার সাথে সম্পাদন করেছেন। পরিচালকমন্ডলী কর্তৃক নিযুক্ত উক্ত নিরীক্ষা কমিটিতে অর্ন্তভুক্ত সদস্যগণের মধ্যে রয়েছেন সর্বজনাব খাজা আহমেদুর রহমান এবং জিয়াউর রহমান, উভয়েই অত্র কোম্পানীর নিরপেক্ষ পরিচালক এবং সাফওয়ান সোবহান অত্র কোম্পানীর একজন উদ্যোক্তা পরিচালক। এছাড়া নিরপেক্ষ পরিচালক জনাব খাজা আহমেদুর রহমান উক্ত নিরীক্ষা কমিটির সভাপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন। প্রতিষ্ঠানিক সুশাসন কোড অনুসারে অত্র কোম্পানীর কোম্পানী সচিব জনাব এম. নাসিমুল হাই এফসিএস নিরীক্ষা কমিটির সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করেছেন।

নিরীক্ষা কমিটির সকল সদস্যগণেরই আর্থিক ও ব্যবসা-বাণিজ্য সম্পর্কিত জ্ঞান ও অভিজ্ঞতা, সংশ্লিষ্ট আইন-কানুন, নীতি-নির্দেশনা এবং তা প্রতিপালনের বিষয়সমূহ সম্পর্কে অভিজ্ঞতা, জ্ঞান ও সম্যক ধারণা রয়েছে।

অত্র কোম্পানীর নিরীক্ষা কমিটির দায় দায়িত্বের মধ্যে রয়েছে:

- কোম্পানীর হিসাব সংরক্ষণ সংক্রান্ত নীতি ও পদ্ধতি ও তা সার্বিক ভাবে অনুসরণের বিষয় পর্যবেক্ষণ করা।
- আর্থিক বিবরণী প্রস্তুত, যথাসময়ে ও পদ্ধতিতে তা প্রকাশিত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ।
- প্রতিপালনীয় বিভিন্ন বিষয়সমূহ নিয়ন্ত্রক সংস্থা প্রবর্তিত নির্দেশনা অনুযায়ী প্রতিপালিত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা যথাযথ ভাবে কার্যকর কিনা তা যাচাই করা।
- অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা যথাযথ ভাবে কার্যকর কিনা তা যাচাই এবং অভ্যন্তরীণ নিরীক্ষার মান যাচাই করা।
- বিধিবদ্ধ নিরীক্ষকদেরকে নিয়োগ, তাদের সম্পাদিত কাজের মান এবং নিরপেক্ষ ভাবে তাদের কাজ করার বিষয় যাচাই করা।
- অত্র প্রতিষ্ঠানের ঝুঁকি ব্যবস্থাপনা নীতি ও কার্যক্রম যথানিয়মে সঠিকভাবে প্রতিপালিত হওয়ার বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে আলোচনা করা।

নিরীক্ষা কমিটির কার্যক্রমের প্রতিবেদন অত্র বার্ষিক প্রতিবেদনের সাথে সন্নিবেশিত রয়েছে।

এখানে উল্লেখ্য যে, অত্র নিরীক্ষা কমিটি বিধিবদ্ধ নিরীক্ষক মের্সার্স মাহফেল হক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এর সাথে সভায় মিলিত হয়েছেন এবং উক্ত প্রতিষ্ঠানকে পুনরায় ২০১৯-২০২০ আর্থিক বৎসরের জন্য বিধিবদ্ধ নিরীক্ষক হিসাবে পূর্ব নির্ধারিত নিরীক্ষা ফিস প্রদানের ভিত্তিতে পুনরায় নিয়োগের জন্য সুপারিশ করেছেন।

নমিনেশন ও রেমুনারেশন কমিটি

প্রাতিষ্ঠানিক সুশাসন কোড নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০, তারিখ ০৩/০৬/২০১৮ অনুসারে প্রতিটি লিস্টেড কোম্পানীকে একটি নমিনেশন ও রেমুনারেশন কমিটি গঠন করার বাধ্যবাধকতা রয়েছে। যার প্রতিপালনকল্পে অত্র কোম্পানীতে নমিনেশন ও রেমুনারেশন কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির কার্যধারা নির্ধারণ ও তা প্রতিপালিত হবার বিষয়টি নিশ্চিতও করা হয়েছে।

অত্র কোম্পানীর নমিনেশন ও রেমুনারেশন কমিটিতে ৩জন সদস্য রয়েছেন যারা হলেন- সর্বজনাব খাজা আহমেদুর রহমান, নিরপেক্ষ পরিচালক, সাফওয়ান সোবহান পরিচালক এবং এম. নাসিমুল হাই, এফসিএস, কোম্পানী সচিব। অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী বিধিমোতাবেক জনাব খাজা আহমেদুর রহমান, নিরপেক্ষ পরিচালককে উক্ত কমিটির সভাপতি এবং জনাব এম. নাসিমুল হাই, এফসিএস কে সচিব হিসাবে দায়িত্ব প্রদান করেছেন।

উক্ত নমিনেশন ও রেমুনারেশন কমিটির মূল দায়িত্ব নিম্নে বিধৃত করা হয়েছে।

১. নিরপেক্ষ, জবাবদিহিমূলকভাবে ও দায়িত্বশীলতার সাথে কর্তব্য সম্পাদন।
২. পরিচালক ও শীর্ষ ব্যবস্থাপনীয় পদে নিয়োগদানের ক্ষেত্রে উপযুক্ত যোগ্যতা ও দক্ষতা নির্ধারন এবং যথোপযুক্ত পারিশ্রমিক নির্ধারণ।
৩. পরিচালকমন্ডলীতে বৈচিত্র্য আনয়নের পন্থা নির্ধারণ।
৪. পরিচালক ও শীর্ষ ব্যবস্থাপনীয় পদে নিযুক্তির জন্য উপযুক্ত প্রার্থী নির্বাচন, এবং তাদের পারিশ্রমিক নির্ধারণপূর্বক পরিচালকমন্ডলীর নিকট উক্ত বিষয়ে সুপারিশ প্রদান।
৫. নিরপেক্ষ পরিচালক, পরিচালক ও পরিচালকমন্ডলীর দক্ষতা যাচাই ও বিশ্লেষণের পদ্ধতি নির্ধারণ।
৬. প্রতিষ্ঠানের প্রয়োজন অনুসারে কর্মচারী নিয়োগের জন্য উপযুক্ত মানদণ্ড নির্ধারণ করাসহ কর্মচারীদের বদলী/পদোন্নতি/স্থলাভিষিক্তকরণের বিষয়ে ভূমিকা পালন।
৭. প্রতিষ্ঠানের মানব সম্পদের উন্নয়নকল্পে নীতি নির্ধারণ, সুপারিশ প্রদান এবং বার্ষিক রিভিউ।

নমিনেশন ও রেমুনারেশন কমিটির প্রতিবেদন অত্র প্রতিবেদনের সাথে সন্নিবেশিত হয়েছে।

উল্লেখ্য যে, অত্র কোম্পানীর নমিনেশন ও রেমুনারেশন কমিটি সার্বিক বিষয় বিবেচনান্তে ২৭তম বার্ষিক সভায় পর্যায়ক্রমে অবসর গ্রহনকারী পরিচালকদ্বয় সর্বজনাব সায়েম সোবহান ও সাফওয়ান সোবহানকে পুনরায় পরিচালক হিসাবে নিয়োগ প্রদান করার জন্য সুপারিশ করেছেন।

আর্থিক বৎসর

বিগত ২০১৫-২০১৬ইং আর্থিক বৎসর হতে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশ অনুসরণ ক্রমে অত্র কোম্পানীর আর্থিক বৎসরের জন্য জুলাই-জুন সময়কালকে বিবেচনা করে যাবতীয় হিসাব রক্ষণ ও বিবরণী প্রস্তুতের ধারা প্রবর্তিত হয়েছে। যা অত্র কোম্পানী আলোচ্য আর্থিক বৎসরেও পূর্বের মতোই অনুসরণ করেছে।

নিরীক্ষক

অত্র কোম্পানীর বর্তমান বিধিবদ্ধ নিরীক্ষক হিসেবে মের্সার্স মাহফেল হক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস আলোচ্য ২০১৮-২০১৯ ইং আর্থিক বৎসরে তাদের দায়িত্ব পালন করেছেন। তাদের ১ম বৎসরের দায়িত্ব পালনের মেয়াদ অত্র ২৭তম বার্ষিক সাধারণ সভায় পূর্ণ হচ্ছে এবং যোগ্য-বিধায় তাদেরকে পুনরায় নিয়োগের জন্য তারা অনুরোধও জানিয়েছেন।

যার প্রেক্ষিতে অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী মের্সার্স মাহফেল হক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কে বিধিবদ্ধ নিরীক্ষক হিসাবে পুনঃনিয়োগের বিষয়টি অত্র ২৭তম বার্ষিক সভায় ১,২৫,০০০/- টাকা বার্ষিক নিরীক্ষা ফিস নির্ধারণপূর্বক সিদ্ধান্ত গ্রহণ ও তা অনুমোদনের জন্য পেশ করেছেন।



নির্বাহী কর্মকর্তাদের ধারণকৃত শেয়ার সংক্রান্ত তথ্য

অত্র কোম্পানীর উদ্বৃত্ত নির্বাহী কর্মকর্তাদের ৩০ শে জুন, ২০১৯ ইং তারিখে ধারণকৃত অত্র কোম্পানীর শেয়ার সম্পর্কিত তথ্যাদি নিম্নের তালিকায় উপস্থাপন করা হয়েছেঃ

নির্বাহী কর্মকর্তাদের নাম	ধারণকৃত শেয়ার সংখ্যা		
	নিজ	স্বামী/স্ত্রী	সন্তানাদি (অপ্রাপ্ত বয়স্ক)
মো. বেলায়েত হোসেন, উদ্বৃত্ত উপ-ব্যবস্থাপনা পরিচালক	-	-	-
এ.কে.এম মাহবুব-উজ-জামান উপ-ব্যবস্থাপনা পরিচালক	-	-	-
এ.আর. রশিদী উপদেষ্টা	১১	-	-
ময়নাল হোসেন চৌধুরী উপদেষ্টা	-	-	-
এম. নাসিমুল হাই এফসিএস কোম্পানী সচিব	১১	-	-
মোঃ তোফায়েল হোসেন প্রধান অর্থ কর্মকর্তা	-	-	-
মো. রবিউল ইসলাম নির্বাহী পরিচালক (হিসাব ও অর্থ)	-	-	-
এস.এম. বখতিয়ার মাহমুদ হেড অব ইন্টারনাল অডিট এণ্ড কন্ট্রোল	-	-	-

অত্র কোম্পানীর উদ্বৃত্ত নির্বাহী কর্মকর্তাদের সম্পর্কিত তথ্যাদি সংক্ষিপ্ত আকারে অত্র বার্ষিক প্রতিবেদনের ৮৮নং পৃষ্ঠায় সংযুক্ত করা হয়েছে।

প্রাতিষ্ঠানিক সুশাসন (কর্পোরেট গভর্ন্যান্স)

অর্থনৈতিক উন্নয়ন ও অগ্রগতির জন্য সুশাসন, সুষ্ঠু নীতি বাস্তবায়ন এবং সম্পদের সুসম ব্যবহার (অর্থ ও মানবসম্পদ) নিশ্চিত করা অতীব প্রয়োজন। উন্নয়ন একটি গতিশীল চলমান প্রক্রিয়া যা অর্জনের জন্য সর্বাত্মক প্রয়োজন উন্নয়নবান্ধব যথোপযুক্ত নিয়মনীতি এবং তার যথাযথ বাস্তবায়নের সদিচ্ছা, বাস্তবায়ন প্রক্রিয়া গ্রহণ ও তা সম্পাদন। অর্থনৈতিক উন্নয়নের ধারাকে বেগবান করার জন্য নিষ্ঠা ও আন্তরিকতার সাথে তা বাস্তবায়নের জন্য দৃঢ় পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে।

প্রাতিষ্ঠানিক সুশাসনের লক্ষ্য হলো প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনায় জবাবদিহিতা প্রতিষ্ঠা ও তা নিশ্চিতকরণ এবং প্রতিষ্ঠানের সার্বিক কাঠামোতে পরিপূর্ণভাবে স্বচ্ছতা আনয়ন করা। প্রাতিষ্ঠানিক সুশাসন হলো যাবতীয় নিয়ম-কানুন, নির্দেশনা, নীতিমালা, অনুসরণীয় পদ্ধতি সুশৃঙ্খলভাবে অনুসরণ এবং তা চর্চার একটি সমন্বিত পদ্ধতি।

কর্পোরেট ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনয়ন ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, শেয়ারহোল্ডারগণের স্বার্থকে অগ্রাধিকার প্রদান এবং স্বার্থ সংশ্লিষ্ট সকল পক্ষগণের স্বার্থসংরক্ষণকে অগ্রাধিকার প্রদান, প্রচলিত আইন-কানুন, নির্দেশনা এবং নীতিমালাসমূহকে যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন, ব্যবসায়িক কার্যক্রমসহ যাবতীয় প্রাতিষ্ঠানিক কার্যক্রমে স্বচ্ছতা বিধান, অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ব্যবস্থা নিয়মিত প্রতিষ্ঠা ও তা পর্যবেক্ষণ এবং ব্যবস্থাপনীয় নিয়ন্ত্রন প্রতিষ্ঠা ও তা বজায় রাখার বিষয়াদিকে নিশ্চিত করা প্রাতিষ্ঠানিক বিনিয়োকারী ও সংশ্লিষ্ট পক্ষ সমূহের সার্থে অত্যন্ত জরুরী। প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠিত হলে কোম্পানীর প্রতি এর শেয়ারহোল্ডারগণ এবং স্বার্থ-সংশ্লিষ্ট সকলপক্ষের আস্থা ও নির্ভরশীলতা বৃদ্ধি পায়। এটি প্রতিষ্ঠানকে তার ষ্টেকহোল্ডারদের অধিকারের স্বীকৃতি প্রদান ও স্বার্থ সংরক্ষণের বিষয়ে অত্যন্ত সক্রিয় থাকতে বাধ্য করে। বর্তমান বিশ্বে প্রাতিষ্ঠানিক সুশাসন একটি গ্রহণযোগ্য ও সর্বজন স্বীকৃত ব্যবস্থা ও পদ্ধতি।

জবাবদিহিতা, স্বচ্ছতা, পরিবেশ ও সামাজিক দায়িত্ব পালনের বিষয়গুলি দীর্ঘ মেয়াদি উন্নয়ন ও স্থায়ীত্বের ক্ষেত্রে বড় নিয়ামক এবং এর অবিচ্ছেদ্য অংশও বটে। কর্পোরেট সুশাসন এমন একটি ব্যবস্থা যা কোম্পানীর সাথে বিভিন্নভাবে অংশগ্রহণকারী ও স্বার্থ সংশ্লিষ্ট সকল পক্ষসমূহের অধিকারের বিষয়কে নিশ্চিত করে। দেশের প্রচলিত যাবতীয় আইন, বিধি-বিধান ও নীতিমালাসমূহ, অন্যান্য নিয়ন্ত্রক সংস্থাসমূহের আদেশ, নির্দেশ ও উপদেশসমূহ প্রতিপালনের বিষয়াদি, প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ব্যবস্থাপনীয় বিভিন্ন বিষয়ে নীতিমালা প্রণয়ন ও তা

প্রতিপালনের বিষয়াদি, প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ব্যবস্থাপনীয় নিয়ন্ত্রন প্রতিষ্ঠা ও তা বজায় রাখার বিষয়াদি পরিপালনের বিষয়গুলি প্রাতিষ্ঠানিক সুশাসনব্যবস্থার মাধ্যমে নিশ্চিত হয়ে থাকে। কোম্পানীর যাবতীয় উদ্দেশ্য পূরণ, তত্ত্বাবধান, স্থায়ীত্ব বিধান ও মূল্যায়নসহ কোম্পানীর দীর্ঘমেয়াদী ও কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্য পূরণের কর্মধারায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এ পদ্ধতিতে কোম্পানীর কার্যক্রম সঠিকভাবে ও স্বচ্ছতার সাথে নির্দেশিত, পরিচালিত, প্রকাশিত ও নিয়ন্ত্রিত হয়ে থাকে। কোম্পানীর শেয়ারহোল্ডারগণ, ঋণদাতা, গ্রাহক ও ভোক্তা, সরবরাহকারীসহ প্রচলিত আইন ও নিয়মকানুন প্রতিপালন ও অনুসরণ, নিয়ন্ত্রক সংস্থা সমূহ, পরিবেশ ও সমাজসহ স্বার্থ সংশ্লিষ্ট সকল পক্ষগণের নিকট সংশ্লিষ্ট কোম্পানী এবং এর ব্যবস্থাপনার দায়বদ্ধতা ও জবাবদিহিতার বিষয়টিও এর মাধ্যমে নিশ্চিত করা হয়। প্রাতিষ্ঠানিক সুশাসন ব্যবস্থার মাধ্যমে আরোও নিশ্চিত করা হয় যে, পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা টিমের যৌথ কর্মকৌশলের ভিত্তিতেই কোন কোম্পানী সুষ্ঠুভাবে পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়। যাতে দীর্ঘমেয়াদে কোন প্রতিষ্ঠান তার কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জন করার সাথে শেয়ারহোল্ডারগণ এবং সংশ্লিষ্ট পক্ষসমূহের সার্বিক স্বার্থ প্রয়োজনীয় স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে অর্জিত হয়। আর স্বল্প ও দীর্ঘ উভয় মেয়াদে তা অব্যাহতভাবে অনুসরিত হয়।

প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ব্যবস্থাপনার বিভিন্ন স্তরের সাথে সংশ্লিষ্ট সকলের ভূমিকা ও নিষ্ঠাপূর্ণ কর্মসমূহের উপর বিশেষ গুরুত্ব প্রদান করা প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠার জন্য জরুরী। জবাবদিহিতা নিশ্চিতকরণ সম্পন্ন হলে প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ব্যবস্থাপনীয় দক্ষতার মানোন্নয়ন ঘটে, আইন ও বিধি-বিধান পরিপালনের বিষয়টি নিশ্চিত করা সম্ভব হয়। আইন কানুন, নিয়মনীতি এবং বিধি-বিধান প্রতিপালন এড়ানোর, প্রবনতাহাস পায় ও তা পরিহারের হার কমে যাওয়ায় সার্বিক আইনী জটিলতাও বহুলাংশে হ্রাস পায়।

প্রাতিষ্ঠানিক সুশাসন বাস্তবায়ন সনদ

বর্তমান প্রেক্ষাপটে প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিটি প্রতিষ্ঠানের পরিচালনার ক্ষেত্রে যথেষ্ট গুরুত্বপূর্ণ বিষয়। প্রতিষ্ঠানের কর্মসমূহের কর্মকৌশল নির্ধারণ, তা বাস্তবায়ন, প্রযোজ্য যাবতীয় আইন, নীতি ও নির্দেশনা অনুসরণ ও তা প্রতিপালনের ক্ষেত্রে সমন্বয় ও যথার্থতা থাকার প্রয়োজনীয়তা রয়েছে। যা কর্পোরেট সুশাসন অর্জনের ধারাকে বেগবান করে থাকে। অত্র কোম্পানী আলোচ্য আর্থিক বৎসরে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের জারীকৃত প্রাতিষ্ঠানিক সুশাসন কোড-এ উল্লিখিত যাবতীয় নির্দেশনা সমূহ যথাযথ ভাবে প্রতিপালন ও অনুসরণ করেছে।

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের প্রাতিষ্ঠানিক সুশাসন কোড যার নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআর সিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখ ০৩/০৬/২০১৮ যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করা হয়েছে কিনা তা যাচাই পূর্বক সনদপত্র প্রদানের নিমিত্তে মের্সার্স ইতরাত হোসেন এন্ড এসোসিয়েটস, চার্টার্ড সেক্রেটারী ইন প্র্যাকটিসকে নিয়োগ দেয়া হয়েছিল। উক্ত প্রতিষ্ঠান আলোচ্য ২০১৮-২০১৯ আর্থিক বৎসরে অত্র কোম্পানীর কর্পোরেট সুশাসন কোড অনুসরণ ও প্রতিপালন সংক্রান্ত নিরীক্ষা কার্য সম্পাদন শেষে এ সংক্রান্ত সনদপত্র প্রদান করেছেন। যা অত্র বার্ষিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে।

এছাড়া কর্পোরেট সুশাসনের ক্ষেত্রে ইস্যুভিত্তিক প্রতিপালনের বিষয়গুলি, যা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন ও কর্পোরেট সুশাসন কোডে নির্দেশিত রয়েছে, এ সংক্রান্ত প্রতিবেদনও অত্র বার্ষিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে (সংযুক্তি-B)।

প্রাতিষ্ঠানিক সুশাসন বাস্তবায়ন সংক্রান্ত সনদ প্রদানের জন্য নিযুক্তি

প্রাতিষ্ঠানিক সুশাসন কোড (বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআর সিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখ ০৩ জুন ২০১৮) অনুযায়ী কর্পোরেট গভর্ন্যান্স কম্প্লায়েন্স নিরীক্ষা সম্পন্ন করে সার্টিফিকেট সংগ্রহ করার বাধ্যবাধকতা রয়েছে। মের্সার্স ইতরাত হোসেন এন্ড এসোসিয়েটস, চার্টার্ড সেক্রেটারীজ ইন প্র্যাকটিস আলোচ্য ২০১৮-২০১৯ আর্থিক বৎসরে অত্র কোম্পানী কর্তৃক কর্পোরেট সুশাসন কোড যথাযথ ভাবে প্রতিপালন ও অনুসরণ করা হয়েছে কিনা তা নিরীক্ষান্তে সনদ প্রদানের জন্য ইতিপূর্বে নিযুক্ত হয়েছিলেন। তারা তাদের উপর অর্পিত দায়িত্ব যথানিয়মে ও সময়ে সম্পাদন করেছেন।

অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী মের্সার্স এম. মহসিন এন্ড কোং, চার্টার্ড সেক্রেটারীজ ইন প্র্যাকটিস-কে ২০১৯-২০২০ ইং আর্থিক বৎসরের জন্য টাকা ৯০,০০০/= ফিস প্রদান সাপেক্ষে প্রাতিষ্ঠানিক সুশাসন সংক্রান্ত নিরীক্ষা কার্যের জন্য নিয়োগ প্রদানের জন্য সুপারিশ করেছেন। এবং তা অত্র ২৭তম বার্ষিক সাধারণ সভায় সদস্যদের নিকট অনুমোদনের জন্য পেশ করেছেন।



প্রতিষ্ঠানের সামাজিক দায়বদ্ধতা

প্রতিষ্ঠানের সামাজিক দায়বদ্ধতা (CSR) এক ধরনের স্বনিয়ন্ত্রনকারী পদ্ধতি যার মাধ্যমে কোন প্রতিষ্ঠান সমাজের প্রতি বিভিন্নভাবে তাদের দায়িত্ববোধের পরিচয় প্রকাশ ঘটান। যা প্রতিষ্ঠানের উন্নয়নের ক্ষেত্রে সহায়ক ভূমিকাও পালন করে থাকে। দায়িত্বশীলভাবে ব্যবসা-বাণিজ্য পরিচালনার সাথে কোন প্রতিষ্ঠানের সামাজিক দায়বদ্ধতা পালনের নিবিড় সম্পৃক্ততা রয়েছে। প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতা প্রতিপালন করার ক্ষেত্রে সামাজিক, পরিবেশ, প্রতিবেশ ও অর্থনৈতিক বিবিধ বিষয়গুলির প্রতি বিশেষ দৃষ্টি প্রদান করা হয়ে থাকে। এ দায়বদ্ধতা কোন প্রতিষ্ঠানের জন্য স্বনিয়ন্ত্রণের একটি পদ্ধতি। যার মাধ্যমে প্রতিষ্ঠান এর যাবতীয় কর্ম সম্পাদনের ফলশ্রুতিতে সমাজ, রাষ্ট্র ও পরিবেশের উপর কিভাবে প্রভাব ফেলে থাকে তা প্রতিভাত হয়।

মেঘনা সিমেন্ট মিলস লিঃ এদেশের একটি স্বনামধন্য শিল্প গ্রুপ তথা বসুন্ধরা গ্রুপের অঙ্গ প্রতিষ্ঠান। যা উক্ত গ্রুপের প্রথম স্থাপিত শিল্প-প্রতিষ্ঠানও বটে। উক্ত গ্রুপ এ দেশের ভোক্তা এবং দেশের সার্বিক উন্নয়নের সাথে সরাসরি সম্পৃক্ত। এ গ্রুপের আদর্শবাক্য (Motto) হলোঃ “দেশ ও মানুষের কল্যাণে”।

প্রতিষ্ঠালগ্ন হতে অত্র শিল্প প্রতিষ্ঠানটি দেশ ও দেশের মানুষকে মানসম্পন্ন উৎপাদিত পণ্য সশ্রীমূল্যে সরবরাহের মাধ্যমে সেবা দান করে চলেছে। সূচনালগ্ন হতে অত্র কোম্পানী প্রতি বৎসরে অর্জিত আয়ের একটি বড় অংশ রাষ্ট্রীয় কোষাগারে জমা দান করে আসছে। অত্র কোম্পানীর বিভিন্ন সামাজিক উদ্যোগ গ্রহণের মাধ্যমে সমাজের বিভিন্ন স্তরের মানুষ ও প্রতিষ্ঠানকে সহযোগিতা ও সহায়তা দান করে যাচ্ছে।

অত্র কোম্পানী আলোচ্য ২০১৮-২০১৯ আর্থিক বৎসরে সামাজিক দায়বদ্ধতা প্রতিপালনার্থে যে সকল উদ্যোগ সহায়তা ও সহযোগিতামূলক কাজ করেছে, তন্মধ্যে অন্যতম হলঃ

১. অত্র কোম্পানীর মংলাছ কারখানার সন্নিহিতে আপাবাড়ি, দিগরাজ, মংলা, বাগেরহাটে একটি স্কুল নিয়মিত অর্থায়নের মাধ্যমে পরিচালনা করছে। যেখানে ২৫০ জন দরিদ্র ছাত্র-ছাত্রী শিক্ষা গ্রহণের সুযোগ লাভ করেছে।
২. জরুরি ও প্রাকৃতিক দুর্যোগের সময় স্বল্প সময়ের মধ্যে আপৎকালীন সাহায্য ও সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় প্রস্তুতির সাথে সাথে এলাকায় ঔষধ, শুকনা খাদ্য সামগ্রী, গরম জামাকাপড়, এলাকার পুকুরের লবণাক্ত পানি দূর করায় সহায়তা, পানীয় জলের জন্য গভীর নলকূপ স্থাপন এবং আর্থিক সহায়তা প্রদান ইত্যাদি।
৩. দেশের বিভিন্ন অঞ্চলের দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে বৃত্তি প্রদানের মাধ্যমে তাদের শিক্ষা গ্রহণের সুযোগ প্রদান।
৪. স্বাধীনতা যুদ্ধের উদ্দীপনাকে সমুন্নত রাখার স্বার্থে বিভিন্ন ধরনের কর্মসূচিতে সহায়তা প্রদান এবং মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনাদের কল্যাণার্থে আর্থিক সহায়তা প্রদান।
৫. বিবিধ রোগে আক্রান্ত রোগীদের চিকিৎসার সাথে অনুদান ও সহায়তা প্রদান।
৬. দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ প্রদানের মাধ্যমে শিক্ষা বিস্তারের ক্ষেত্রে সহায়তা প্রদান।
৭. দেশের অন্যতম প্রতিশ্রুতিশীল ক্রীড়া সংগঠন “শেখ রাসেল ক্রীড়া চক্র লিঃ”- এর পৃষ্ঠপোষকতা। যার ফলশ্রুতিতে উক্ত সংগঠন এদেশের বিভিন্ন স্তরের ও ধরনের ক্রীড়াবিদগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও সহায়তা দান করতে সক্ষম হচ্ছে।
৮. “বসুন্ধরা কিংস” নামীয় জাতীয় পর্যায়ের ক্রীড়া সংগঠনকে পৃষ্ঠপোষকতা প্রদান করা।
৯. ২০১৮-২০১৯ আর্থিক বৎসরে সমগ্র দেশব্যাপী ৪৩ টি চিকিৎসা ক্যাম্প পরিচালনা করার ফলে নির্মাণ শ্রমিক, রাজমিস্ত্রি ও তাদের পরিবারবর্গকে চিকিৎসা সেবা প্রদান করা সম্ভব হয়েছে। উল্লেখ্য যে, এসকল ক্যাম্পে ৪ হাজারের বেশী রোগীকে সেবাদান করা হয়েছে।
১০. দেশব্যাপী ৭টি কর্মশালা পরিচালিত হয়েছে। উক্ত কর্মশালাগুলিতে ব্যক্তিগত গৃহ নির্মাতাগণকে নির্মাণ-সংক্রান্ত বিষয়াদি সম্পর্কে সম্যক ধারণা দেয়া হয়েছে ও নির্মাণ সংক্রান্ত তথ্যাদি বিনিময় করার মাধ্যমে সহায়তা প্রদান করা হয়েছে। এ সকল কর্মশালায় ৫ শতের বেশী ব্যক্তিগণ অংশ গ্রহণের মাধ্যমে উপকৃত হয়েছেন।

কৃতজ্ঞতা জ্ঞাপন

পরিশেষে পরিচালকমন্ডলী বিগত আর্থিক বৎসরে রেজিস্ট্রার অব জয়েন্ট ষ্টক কোম্পানীজ এন্ড ফার্মস, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা ষ্টক এক্সচেঞ্জ লিঃ, চিটাগাং ষ্টক এক্সচেঞ্জ লিঃ, সেন্ট্রাল ডিপোজিটরী বাংলাদেশ লিমিটেড, জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষসহ বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তন্মধ্যে উল্লেখযোগ্য বাংলাদেশ ব্যাংক, ডাচ-বাংলা ব্যাংক লিঃ, সাউথইস্ট

ব্যাংক লিঃ, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ, আইএফআইসি ব্যাংক লিঃ, শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, এবি ব্যাংক লিঃ, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ, অগ্রনী ব্যাংক লিঃ, ব্যাংক এশিয়া লিঃ, জনতা ব্যাংক লিঃ, বেসিক ব্যাংক লিঃ, ঢাকা ব্যাংক লিঃ, ট্রাস্ট ব্যাংক লিঃ, ফার্মার্স ব্যাংক লিঃ, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, পূবালী ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক লিঃ, এন.সি.সি ব্যাংক লিঃ, সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ, ইউনিয়ন ব্যাংক লিঃ, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ এবং IDCOL, সহ বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানসমূহ, এবং বিভিন্ন সরকারী, আধা-সরকারী ও অন্যান্য প্রতিষ্ঠান সরবরাহকারী, যোগাযোগ ও সংবাদমাধ্যম সমূহ, বানিজ্যিক অংশীদারবৃন্দ, ইস্যু ম্যানেজার- AAA Finance and Investment Ltd. সহ সকলের সহযোগিতা ও অবদানের কথা আন্তরিক কৃতজ্ঞতার সাথে স্মরণ করছেন। সকল প্রতিকূল পরিস্থিতি সত্ত্বেও এ যাবতকাল পর্যন্ত অত্র কোম্পানী তার সাফল্যের যে ধারা বজায় রাখতে পেরেছে তা এসকল প্রতিষ্ঠানের আন্তরিক ও সার্বিক সহযোগিতা ব্যতিরেকে আদৌ সম্ভবপর ছিল না।

অত্র কোম্পানীর সাফল্য অর্জন এবং সুষ্ঠুভাবে পরিচালনার ব্যাপারে কোম্পানীর সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের নিরলস, ঐকান্তিক ও নিষ্ঠাপূর্ণ সেবাদানের কথাও অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী সভায় প্রশংসা ও আন্তরিক কৃতজ্ঞতার সাথে স্মরণ করছেন।

উপসংহার

অত্র কোম্পানী একটি সিমেন্ট উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান। এ শিল্পখাতটি এ দেশে একটি সংবেদনশীল খাত হিসাবে বিশেষভাবে পরিচিত। এখাতের ভোগাগণ পণ্যের মানের পাশাপাশি পণ্য মূল্যের প্রতি বেশ সংবেদনশীল। এটি একটি তীব্র প্রতিযোগিতামূলক খাত। বর্তমানে সিমেন্ট শিল্পখাতে ১২৭টি শিল্প প্রতিষ্ঠান রয়েছে, যার প্রায় অর্ধেকই উৎপাদন কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এছাড়া সিমেন্ট উৎপাদকদের উৎপাদিত পণ্যের বেশীরভাগে প্রযুক্তিগত মান প্রায় সমপর্যায়ের। এদেশের বর্তমানে সিমেন্ট খাত অন্যান্য বিষয়ের সাথে বিভিন্ন নিয়ন্ত্রণ কর্তৃপক্ষীয় চাপের মুখোমুখি রয়েছে। কারণ সাম্প্রতিক সময়ে গ্যাসের মূল্য ৩৮% বৃদ্ধি পেয়েছে। বিদ্যুৎ এর মূল্যও ৪১% বৃদ্ধি পেয়েছে। উৎপাদনের জন্য এ দুটি সেবা পণ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এছাড়া সিমেন্ট খাতে অতিরিক্ত করও যোগ হয়েছে। যার ফলশ্রুতিতে সিমেন্ট উৎপাদন খরচ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। কিন্তু তীব্র প্রতিযোগীতার কারণে উৎপাদন খরচ বৃদ্ধি হওয়া সত্ত্বেও অত্র কোম্পানীর পক্ষে এর এককভাবে উৎপাদিত পণ্যের মূল্যবৃদ্ধি করা সম্ভব হচ্ছে না।

এতদসত্ত্বেও আমরা এ শিল্পখাতে আশার আলো দেখতে পাচ্ছি। কারণ সাম্প্রতিক সময়ে এদেশে বিদেশ হতে বৈদেশিক মুদ্রার অন্তর্মুখী অর্থ প্রবাহের ক্ষেত্রে (যা বিদেশে অবস্থানরত বাংলাদেশীদের উপার্জনের বিপরীতে আসে) কিছু বিশেষ সুবিধা প্রদান করা হচ্ছে। ফলে আলোচ্য আর্থিক বৎসরে বিদেশ হতে দেশে বৈদেশিক মুদ্রার প্রবাহ ১৬.৪ বিলিয়ন ডলার হয়েছে যা পূর্ববর্তী ২০১৭-২০১৮ বৎসরে ছিল ১৪.৯৮ বিলিয়ন ডলার। অর্থাৎ বৈদেশিক মুদ্রার অন্তর্মুখী প্রবাহ ৯.৪৭% বৃদ্ধি পেয়েছে। আমরা আশা করছি এ প্রবাহ বিদ্যমান থাকলে তার প্রভাব ব্যক্তিগত পর্যায়ে গৃহনির্মাণের উপর প্রত্যক্ষভাবে পড়বে। ফলে সিমেন্ট খাত ইতিবাচক ভাবে প্রভাবিত হবে আশা করা হচ্ছে।

সরকারী খাতে বিভিন্ন বৃহদায়তন নির্মাণ স্থাপনার প্রকল্প চলমান রয়েছে এবং বেসরকারী-সরকারী যৌথ উদ্যোগে নগরায়ণের উদ্দেশ্যে গৃহীত বহু প্রকল্প ও চলমান রয়েছে। ফলে সিমেন্ট খাত উল্লেখযোগ্য ভাবে এর ফলে সুবিধা লাভ করবে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, এদেশের ব্যক্তিপর্যায়ে সিমেন্ট ভোগাদের হার প্রায় ৬০%। যারা দেশে বর্তমানে বিরাজমান মুদ্রাস্ফিতি ও জীবনযাত্রা নির্বাহের খরচ অতিমাত্রায় বৃদ্ধিসহ বিভিন্ন প্রতিকূল অবস্থার শিকার হচ্ছেন। যার নেতিবাচক প্রভাব দৃষ্ট হচ্ছে আবাসিক গৃহ নির্মাণের ক্ষেত্রে। আবার শিল্পখাতে নির্মাণ কাজের ধারায়ও স্থবিরতা দেখা যাচ্ছে। যার প্রধান কারণ বাণিজ্য ও শিল্পখাতে মূলধনী ঋণের প্রবাহে ভাটা। এর সাথে আবার অন্যান্য বিষয় সমূহ যেমন মূলধনী যন্ত্রপাতির উচ্চমূল্য, বিদ্যুৎ ও জ্বালানী তেলের মূল্য বৃদ্ধি, ঘন ঘন বৈদেশিক মুদ্রা বিশেষতঃ ডলারের মূল্য বৃদ্ধির ফলে আমদানী ব্যয় অনিয়ন্ত্রিতভাবে বৃদ্ধি, অন্তর্জাতিক বাজারে সিমেন্টের কাঁচামালের মূল্যবৃদ্ধি, স্থানীয় ব্যক্তিপর্যায়ের গৃহ নির্মাণ খাতে স্থবিরতার কারণে নির্মাণ সামগ্রীর চাহিদা হ্রাস ইত্যাদি নানাবিধ কারণ দেশীয় সিমেন্ট শিল্পখাতকে নেতিবাচকভাবে প্রভাবিত করছে।

আমরা এ সকল সীমাবদ্ধতা সত্ত্বেও আপনাদেরকে আশ্বস্ত করতে চাই যে, সকলের সম্মিলিত প্রচেষ্টায় আমরা এ সকল প্রতিকূলতাকে অতিক্রম করতে সক্ষম হবো। সৃষ্ট বাজারকে ধরে রাখার পাশাপাশি তার ব্যাপ্তি উত্তরোত্তর বৃদ্ধি ও সম্প্রসারণের জন্য এবং প্রতিকূলতাসমূহকে সুযোগে রূপান্তরের জন্য আমরা সচেষ্ট রয়েছি। এক্ষেত্রে আমাদের ষ্টেকহোল্ডারদের সার্বিক সহযোগীতার মাধ্যমে আমরা সফলকাম হবো বলে আশাবাদী।

অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী বিগত আর্থিক বৎসরে ভোগাদের নিকট হতে যে সর্মথন পেয়েছে এবং উক্ত সময়ে তারা অত্র কোম্পানীর উপর অগাধ আস্থা রেখেছেন তার জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছে। আমরা তাদের প্রতি অশেষ কৃতজ্ঞ। তাদের এ আস্থা বর্তমান বৎসরেও বজায় রাখবেন বলে আমরা আশাবাদ ব্যক্ত করছি।



পরিচালকমন্ডলী অত্র কোম্পানীর সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, পৃষ্ঠপোষক শুভানুধ্যায়িগণের প্রতি তাদের অকুণ্ঠ সমর্থন, সহযোগীতা ও সার্বিক পৃষ্ঠপোষকতার জন্য অশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছেন। বিগত বৎসরে অত্র কোম্পানীর সাফল্য তাদের সকলের সম্মিলিত সহযোগীতা ও পৃষ্ঠপোষকতা ব্যতিরেকে অর্জিত হতো না বলেই পরিচালকমন্ডলী আন্তরিকভাবে বিশ্বাস করে।

সম্মানিত সদস্যবৃন্দ,


আমরা বর্তমানে এক অশান্ত বাণিজ্যিক পরিবেশে অবস্থান করছি। এ বিরূপ পরিস্থিতির সাথে তাল মিলিয়ে সময়ের দাবীকে সামনে রেখে এবং সার্বিক পরিস্থিতির উপর সজাগ থেকে আমরা আমাদের উপর অর্পিত গুরুদায়িত্ব পালনে সচেষ্ট রয়েছি। অত্র কোম্পানীর সাফল্য অর্জনের লক্ষ্যে আমাদের সকল কর্মধারা পরিচালিত করছি।

আমরা আমাদের এ সুদীর্ঘ পথ পরিক্রমায় শতপ্রতিকূলতা, বাধা বিঘ্ন অতিক্রম করার নিরবিচ্ছিন্ন প্রচেষ্টায় অত্র কোম্পানীর সদস্যবৃন্দ ও স্টেকহোল্ডারদের সমর্থন লাভ করেছি। আমরা সদা সর্বদা আমাদের সদস্যবৃন্দ ও স্টেকহোল্ডারদের স্বার্থ-সংরক্ষণ ও সমুন্নত রাখার বিষয়কে সদা সতর্ক ও তৎপর ছিলাম। আমরা আপনাদেরকে আশ্বস্ত করতে চাই যে, পণ্যের গুণগত মান সমুন্নত ও তার উত্তরোত্তর উন্নয়ন ঘটানোর বিষয়ে আমরা পূর্বের মতই অগ্রাধিকার দান করবো। এ বিষয়ে আমরা আপোষহীন ছিলাম এবং থাকবো। কারণ আমাদের পণ্যের গুণগত মানের কারণেই এতো তীব্র প্রতিযোগিতার মধ্যেও অত্র কোম্পানী টিকে থাকতে সক্ষম হচ্ছে। যার ধারা বজায় রাখতে আমরা সজাগ ও সচেষ্ট রয়েছি।

আমাদের সার্বিক কর্মধারায় সকল সদস্যবৃন্দ, ভোক্তা, পৃষ্ঠপোষক, স্টেকহোল্ডারসহ সংশ্লিষ্ট সকলের সহানুভূতি, সাহায্য ও সহযোগিতার প্রত্যাশী। আমাদের সুদৃঢ় প্রত্যয় রয়েছে যে, সুদক্ষ ও ফলপ্রসূ প্রয়াসের সমন্বয় ঘটিয়ে এবং পণ্যের গুণগতমান বজায় রেখে আমরা আমাদের দায়িত্ব পালন করতে সক্ষম হলে যে কোন প্রতিকূলতাই আমাদের অগ্রযাত্রার পথে বাধা হতে পারবে না। আপনাদের সকলের আন্তরিক সহযোগিতার মাধ্যমে আমরা সাফল্য লাভ করবো এ আশাবাদ পূর্বব্যক্ত করছি। মহান শ্রষ্টা আমাদের সহায় হোন।

ধন্যবাদান্তে,

পরিচালকমন্ডলীর পক্ষে



আহমেদ আকবর সোবহান

চেয়ারম্যান

Governance Reports





Meghna Cement Mills Ltd.

Report of the Audit Committee

The Audit Committee was constituted under the BSEC Guidelines. The Committee was comprised of four members, appointed by the Board of the Company. The Committee included two independent directors, one sponsor shareholder/director and the Company Secretary.

The Audit Committee of Meghna Cement Mills Ltd. as a sub-committee of the Board of Directors assisted the Board of Directors in ensuring that the financial statements reflect true and fair view of the affairs of the company and in ensuring a good monitoring system of the business.

The Audit Committee of Meghna Cement Mills Ltd. was constituted with the following persons as its members:

Sl. No.	Name of Members of Audit Committee	Designation
1.	Mr. Khawaja Ahmedur Rahman, Independent Director	Chairman
2.	Mr. Safwan Sobhan, Shareholder Director	Member
3.	Mr. Zeaur Rahman, Independent Director	Member
4.	Mr. M. Naseemul Hye FCS, Company Secretary	Secretary

The principal functions of the Audit Committee, among others, were to oversee the financial reporting process, monitor internal control, risk management process and review the adequacy of internal audit function and regulatory compliance functions. The Audit Committee was accountable to the Board of the Directors of the Company.

During the period under review the Independent Director of this Company- Mr. Khawaja Ahmedur Rahman performed as the Chairman of the Audit Committee and Mr. M. Naseemul Hye FCS, Company Secretary performed as the Secretary of the Audit Committee as per the Guidelines of the BSEC in this respect.

Qualifications of Members of the Audit Committee

All members of the Audit Committee of Meghna Cement Mills Ltd. possessed adequate knowledge on business management and were financially literate as per the regulatory requirements and able to analyze, corporate laws, finance and could interpret the financial statements. The Committee was empowered to examine the matter related to financial and other affairs of the Company.

Meeting and attendance by the Members

During the Financial Year a total of 07 nos. of meetings were held and the Committee regularly communicated those findings and recommendations to the Board Directors of the Company. The number of the Audit Committee meetings held and attendance by each members during the FY 2018-2019 are mentioned below:

Sl. No.	Name of Members	Designation	Nos. of meeting held	Nos. of meeting attendance
1.	Mr. Khawaja Ahmedur Rahman	Chairman	06	06
2.	Mr. Safwan Sobhan	Member	06	05
3.	Mr. Zeaur Rahman	Member	06	04
4.	Mr. M. Naseemul Hye FCS	Secretary	06	06

Roles and Responsibilities of the Audit Committee

The role of the Audit Committee of this Company was to monitor the integrity of the financial statements. The committee played an effective role in providing a bridge between the Board of Directors, Members and other

Stakeholders. The roles and responsibilities of the Audit Committee had been clearly mentioned in the Terms of Reference of the Audit Committee. The Audit Committee in fulfilment of its responsibilities sat in periodic meetings, at least once in a quarter and 06nos. in the FY 2018-2019 and provided appropriate recommendations, observations and advised to the management and the Board. The Committee meetings usually transacted operational performance, financial results, capital expenditures, products lines, procurement, raw materials, plant and machinery, training and promotion of employees. The Audit Committee was responsible to the Board of Directors. During the period under review it had found that the overall internal control and management process of the company was satisfactory.

During the financial year ended on 30 June 2019 the role of the Audit Committee included the following:

- To oversee and review of the quarterly, half-yearly and periodic financial statements, other financial results of the company and on the basis of its review and commendation the Board of Directors considered those and given its approval.
- To monitor and recommend various issues pertaining the quarterly and annual financial statements;
- To submit reports to the Board of Directors on internal control issues and deviations on the basis of internal audit reports;
- To ensure and monitor compliance issues with laws, rules, regulations, directives, code of conducts etc. with a view to safeguard the interest of all stakeholders of this Company;
- To review the performance of the external auditors of the Company and assess their independence;
- To review the statements of significant related party transactions submitted by the management from time to time;
- To oversee the other issues within the terms of the code of conduct of the Audit Committee and also as directed by the Board, from time to time;
- To recommend to the Board of Directors as to consider the appointment of the statutory auditors of the Company for the next FY 2019- 2020 in place of the existing auditors considering the proposal of the stakeholders.

Activities of the Audit Committee during the period ended on 30 June 2019

The Audit Committee performed the activities during the period ended on 30 June 2019 and recommended thereon as and when it was necessary. The Audit Committee in course of discharging of the responsibilities monitored the following issues:

- Conflicts of interests and related party transactions of the Company;
- Suspected or presumed fraud or irregularity or material defect in the internal control system;
- Suspected infringement of laws, including securities related laws, rules and regulations;
- Any other matter which it deemed appropriate and necessary.

The Audit Committee reports the following:

i. Financial Reporting

The Audit Committee reviewed the annual financial statements, among other issues, the quarterly, half yearly statements before submission those to the board of the company for approval. It also recommended to the Board of Directors for adoption and circulation of those to the regulatory authorities as per the directives in this respect.

ii. Internal Control

In course of discharging of duties, the accounts also reviewed the Risk Management Framework adopted within the Company. It also reviewed the effectiveness of internal control, the audit objections and observations raised by the Internal Audit Department and action plans of the Internal Audit Department.



The committee monitored the plans and ensured that adequate control have been developed prior to commencement of major changes of the Company. It also monitored that the system of internal control was soundly conceived and was in place, effectively administered and regularly monitored. In view of all, the Audit Committee was of the opinion that the internal control procedures were adequate to present a true and fair view of the activities and financial status of the Company.

iii. Internal Audit

The Audit Committee was satisfied that the strategies, plans for internal auditing were communicated well in time within the company. The committee overseen and reviewed the procedure and tasks of the internal audit department. The Committee was satisfied that the Internal Audit Team had the competence and qualifications to complete its assignments and accomplish according to the approved audit plans. And reports that the Internal Audit had full, free and unrestricted access to all activities, records, property and other issues necessary to discharge its responsibilities. The Audit Committee also got the co-operation of the Internal Audit Team in carrying out its duties and responsibilities during the FY 2018-2019.

iv. External Audit

The Audit Committee evaluated the effectiveness of the external audit process. The committee had forwarded the draft financial statements (which were placed to it by the management earlier) to the external auditors after its review. The Board subsequently to approve the audited financial statements and to place it before the members of the Company for their discussion and consideration in the forthcoming 27th Annual General Meeting.

It also reviewed the matters concerning the appointment and re-appointment, fixation of audit fees of the external auditors and submitted the recommendations.

v. Related Party Transaction

The Audit Committee expressed that during the year under review the company had carried out considerable numbers of transactions in carrying out its operation and also with the related parties in its normal courses of business. The names of the related parties, the nature of the related parties relationships as well as information about the transactions, the amount of the transactions and the amount of outstanding balances at the financial year under report opined that the financial statements were prepared in accordance with the provisions of BAS regarding the "Related Party Disclosures".

Khawaja Ahmedur Rahman
Chairman, Audit Committee &
Independent Director

M. Naseemul Hye FCS
Member-Secretary, Audit Committee &
Company Secretary

Meghna Cement Mills Ltd.

Report of the Nomination and Remuneration Committee

The Nomination and Remuneration Committee of Meghna Cement Mills Ltd. was formed in compliance the directives of the Bangladesh Securities and Exchange Commission's Corporate Governance Guidelines under Notification No.BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03/06/2018. The Nomination and Remuneration Committee (NRC) was comprised of four members, appointed by the Board of Directors of the Company. The Committee included an Independent Director, one Sponsor Shareholder/Director and the Company Secretary.

It functioned as a sub-committee of the Board of Directors and was responsible to the Board. It assisted the Board of Directors in formulation of the nomination, criteria/policy for determining qualifications, positive attributes, experiences and independence of the directors and top-level executive as well as a policy for formal process of considering remuneration of directors and top level executives.

The Nomination and Remuneration Committee of the Company was constituted with the following persons:

Sl. No.	Name of Members	Position in Company	Position in Committee
1	Mr. Khawaja Ahmedur Rahman	Independent Director	Chairman
2	Mr. Safwan Sobhan	Director	Member
3	Mr. M. Naseemul Hye FCS	Company Secretary	Secretary

During the period under review the Independent Director of this Company- Mr. Khawaja Ahmedur Rahman performed as the Chairman of the NRC and Mr. M. Naseemul Hye FCS, Company Secretary performed as the Secretary of the NRC as per the BSEC Guidelines.

Qualifications of the NRC Members:

The NRC members possessed adequate knowledge on modern business management, corporate governance and professionals and being financially literate as per regulatory requirements were able to analyze, corporate laws, finance and could interpret the financial statements as well.

Roles and Responsibilities:

The NRC Committee of this Company played effective roles in providing the bridge between the Board, Members and other Stakeholders. The NRC Committee's responsibilities were clearly mentioned in the Terms of Reference of the Committee set by the Board of Directors of Meghna Cement Mills Ltd. earlier.

The responsibilities of NRC included:

- Review of the structure, size and composition of the Board;
- Review of the succession plans for appointments to the Board and Senior Management of the Company and for making recommendations relating thereto;
- Implement the board diversity policy and monitoring the progress towards the achievement of its objects and making recommendation thereon.

Succession planning

The Committee reviewed the succession plan of this Company designed for the executive and non-executive appointments to the Board, taking into account of the objectives of the future retirement of directors. In this process the Committee also considered the business skills, commitment and knowledge as to be required for operation of this Company. The Board's succession planning was the priority of this Committee.



Appointment/Rotation of non-executive Directors

During the year under review the Committee had evaluated the matter of appointment/reappointment of the non-executive directors and made recommendations for 02 (two) non-executive directors- i. Mr. Sayem Sobhan and ii. Mr. Safwan Sobhan who are to resign by rotation and eligible for their re-elections/appointments as per the provisions of the Articles of Association of the Company in the 27th AGM of the Company.

Meeting Attendance by the Members

During the FY ended on 30 June 2019 the NRC Committee had sat in a meeting and the Committee had placed its report to the Board of Directors in due course. The information of the NRC Committee's meeting held and attendance by each members are mentioned below:

Sl. No.	Name of the Members	No. of Meeting Held	Attendance in the Meeting
1.	Mr. Khawaja Ahmedur Rahman	01	01
2.	Mr. Safwan Sobhan	01	01
3.	Mr. M. Naseemul Hye FCS	01	01

During the FY 2018-2019 the NRC accomplished the following:

- Reviewed the level and composition of remuneration and observed that it was reasonable and sufficient to attract, retain and motivate suitable directors to run the Company successfully;
- Reviewed the status of the Board composition along with the experience of the Directors and their track record as well and made recommendation to the Board in this regard;
- Identified and nominated candidates for appointment/reappointment to the Board based on their knowledge, experience and aptitude for attainment of the goals and objectives of the company;
- Considered and accommodated various issues in connection with appointments/reappointments, retirements and changes in the Board of Directors.
- Analyzed the issues including the company's requirement for senior employees as to be placed at different levels and determine their selection procedures and criteria;
- Reviewed the performance of the top-level executives of the Company and placed the recommendation on their findings;
- Evaluated the company's human resources status and the development and training policies of the Company aimed for the employees;
- Reviewed the scope and effectiveness of internal human resource functions and adequacy of it;
- Overseen other issues within the Terms of Reference of the NRC.

The Nomination and Remuneration Committee is expressing the view that the nomination, reelection and remuneration are adequate to present a true and fair view of the activities and financial and internal governance status of the Company.

Khawaja Ahmedur Rahman
Chairman,
Nomination and Remuneration Committee &
Independent Director

M. Naseemul Hye FCS
Member Secretary,
Nomination and Remuneration Committee &
Company Secretary

Meghna Cement Mills Limited

[Declaration under Condition No. 1(5)(xxvi) of the Corporate Governance Code, 2018]

To Date: 10/10/2019

The Board of Directors
Meghna Cement Mills Limited

Subject: **Declaration on Financial Statements for the year ended on 30/06/2019.**

Dear Sirs,

Pursuant to the condition No. 1(5)(xxvi) imposed vide the Commission's Notification No. BSEC/CMRRC-D/2006-158/207/Admin/80 Dated 03/06/2018 under section 2CC of the Securities and Exchange Ordinance, 1969, we do hereby declare that:

- (1) The Financial Statements of Meghna Cement Mills Limited for the year ended on 30/06/2019 have been prepared in compliance with International Accounting Standards (IAS) or International Financial Reporting Standards (IFRS), as applicable in the Bangladesh and any departure there from has been adequately disclosed;
- (2) The estimates and judgments related to the financial statements were made on a prudent and reasonable basis, in order for them financial statements to reveal a true and fair view;
- (3) The form and substance of transactions and the Company's state of affairs have been reasonably and fairly presented in its financial statements;
- (4) To ensure above, the Company has taken proper and adequate care in installing a system of internal control and maintenance of accounting records;
- (5) Our internal auditors have conducted periodic audits to provide reasonable assurance that the established policies and procedures of the Company were consistently followed; and
- (6) The management's use of the going concern basis of accounting in preparing the financial statements is appropriate and there exists no material uncertainty related to events or conditions that may cast significant doubt on the Company's ability to continue as a going concern.

In this regard, we also certify that:-

- (i) We have reviewed the financial statements for the year ended on 30/06/2019 and that to the best of our knowledge and belief:
 - a. these statements do not contain any materially untrue statement or omit any material fact or contain statements that might be misleading;
 - b. these statements collectively present true and fair view of the Company's affairs and are in compliance with existing accounting standards and applicable laws.
- (ii) There are, to the best of knowledge and belief, no transactions entered into by the Company during the year which are fraudulent, illegal or in violation of the code of conduct for the company's Board of Directors or its members.

Sincerely yours,

Sd/-
 Sayem Sobhan
 Managing Director

Sd/-
 Md. Toffail Hossain
 Chief Financial Officer



ITRAT HUSAIN & ASSOCIATES
CHARTERED SECRETARIES IN PRACTICE

**Report to the shareholders
of
Meghna Cement Mills Limited
on
Compliance of Corporate Governance Code**

We have examined the compliance status to the Corporate Governance Code by Meghna Cement Mills Limited for the year ended 30 June 2019. This Code relates to the Notification No. BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 3 June 2018 of the Bangladesh Securities and Exchange Commission.

Such compliance with the Corporate Governance Code is the responsibility of the Company. Our examination was limited to the procedures and implementation thereof as adopted by the Management in ensuring compliance to the conditions of the Corporate Governance Code.

This is a scrutiny and verification and an independent audit on compliance of the conditions of the Corporate Governance Code as well as the provisions of relevant Bangladesh Secretarial Standards (BSS) as adopted by the Institute of Chartered Secretaries of Bangladesh (ICSB) in so far as those standards are not inconsistent with any condition of this Corporate Governance Code.

We state that we have obtained all the information and explanations, which we have required, and after due scrutiny and verification thereof, we report that, in our opinion:

- (a) The Company has complied with the conditions of the Corporate Governance Code as Stipulated in the above mentioned Corporate Governance Code issued by the Commission;
- (b) The company has complied with the provisions of the relevant Bangladesh Secretarial Standards (BSS) as adopted by the Institute of Chartered Secretaries of Bangladesh (ICSB) as required by this Code;
- (c) Proper books and records have been kept by the company as required under the Companies Act, 1994, the securities laws and other relevant laws; and
- (d) The governance of the company is satisfactory.

For: Itrat Husain & Associates

Itrat Husain FCMA, FCS
Chief Executive

Dhaka, 17 October 2019

Annexure-C

[As per condition No. 1(5)(xxvii)]

Status Report on Compliance with the conditions imposed by the BSEC

Status of compliance with the conditions imposed by the Commission's Notification No. SEC/CMRRCD/2006-158/207/Admin/80, dated 3 June 2018 issued under section 2CC of the Securities and Exchange Ordinance, 1969:

(Report under condition No. 9)

Condition No.	Title	Compliance Status (Put ✓ in the appropriate column)		Remarks (if any)
		Complied	Not Complied	
1.	Board of Directors			
1(1)	Total number of Company's Board of Directors shall not be less than 5 (five) and more than 20 (twenty);	✓		
1(2)(a)	One-fifth (1/5) of the total number of directors in the company's Board be Independent Directors (ID);	✓		
1(2)(b)(i)	ID does not hold any shares or holds less than one percent (1%) shares in the company;	✓		
1(2)(b)(ii)	ID not a sponsor of the company nor connected with any sponsor/director/nominated director/ shareholder of the company or any of its associates, sister concerns, subsidiaries and parents or holding entities who holds one percent (1%) or more shares of the total paid-up shares of the company by family relationship and his/ her family members also shall not hold above mentioned shares in the company;	✓		
1(2)(b)(iii)	Who has not been an executive of the company in immediately preceding 2 (two) financial years;	✓		
1(2)(b)(iv)	Who does not have any other relationship, whether pecuniary or otherwise;	✓		
1(2)(b)(v)	Who is not a member or TREC holder, director or officer of any stock exchange;	✓		
1(2)(b)(vi)	Who is not a shareholder, director excepting independent director or officer of any member or TREC holder of stock exchange or an intermediary of the capital market;	✓		
1(2)(b)(vii)	Who is not a partner or an executive or was not a partner or an executive during the preceding 3 (three) years of the concerned company's statutory audit firm or audit firm engaged in internal audit services or audit firm conducting special audit or professional certifying compliance of this Code;	✓		
1(2)(b)(viii)	Independent director in more than 5 (five) listed companies;	✓		
1(2)(b)(ix)	Who has not been convicted by a court of competent jurisdiction as a loan defaulter of Bank or NBF I);	✓		
1(2)(b)(x)	Who has not been convicted for a criminal offence involving moral turpitude;	✓		
1(2)(c)	Independent director(s) shall be appointed by the Board and approved by the shareholders in the AGM ;	✓		
1(2)(d)	The post of independent director(s) cannot remain vacant for more than 90 (ninety) days;	✓		
1(2)(e)	The tenure of office of an independent director shall be for a period of 3 (three) years, which may be extended for 1 (one) tenure only;	✓		
1(3)(a)	Independent director shall be a knowledgeable individual with integrity.	✓		
1(3)(b)(i)	ID is business leader who is or was a promoter or director of an unlisted company having minimum paid-up capital of Tk.100 million or any listed company or a member of any national or international chamber of commerce or business association;			n/a



Condition No.	Title	Compliance Status (Put ✓ in the appropriate column)		Remarks (if any)
		Complied	Not Complied	
1(3)(b)(ii)	Who is or was a top-level executive not lower than CEO/MDDMD/CFO/ Head of Finance or Accounts/CS/HIAC/Head of Legal Service or a candidate with equivalent position of an unlisted company having minimum paid-up-capital of Tk.100.00 million or of a listed company;			n/a
